
## তৃতীয় অধ্যায়

# বিশ্ব-ভৌগোলিক পরিমণ্ডলে বাংলাদেশ



### শিক্ষার্থীরা যা জানবে–

- পৃথিবীর সাতটি মহাদেশের ভৌগোলিক পরিচয়
- এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান, আয়তন, ভূপ্রকৃতি ও জলবায়ু
- এশিয়া মহাদেশের জনসংখ্যা, অর্থনীতি ও ধর্ম
- এশিয়া মহাদেশে বাংলাদেশের অবস্থান
- পৃথিবীর মহাসাগরগুলোর অবস্থান ও গুরুত্ব

### বিষয়–সংক্ষেপ

পৃথিবীতে মোট সাতটি মহাদেশ রয়েছে। এর মধ্যে বাংলাদেশ এশিয়া মহাদেশের অন্তর্ভুক্ত। পৃথিবীর বৃহত্তম মহাদেশ হলো এশিয়া মহাদেশ।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. এশিয়ার দীর্ঘতম নদীর নাম কী?**

● ইয়াংসিকিয়াং ⓚ ব্রহ্মপুত্র
ⓖ ইউফ্রেটিস ⓖ হোয়াংহো


**২. এশিয়াকে গুরুত্বপূর্ণ মহাদেশ বলার কারণ হলো, এ মহাদেশে–**

i. জনসংখ্যা ও আয়তন সর্বাধিক
ii. সর্বপ্রথম সভ্যতা গড়ে উঠেছিল
iii. প্রচুর প্রাকৃতিক সম্পদ রয়েছে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**নিচের মানচিত্রটি পর্যবেক্ষণ কর এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**




**৩. চিত্রের 'A' চিহ্নিত মহাসাগরটির নাম কী?**

ⓚ প্রশান্ত মহাসাগর ● ভারত মহাসাগর
ⓖ আটলান্টিক মহাসাগর ⓖ উত্তর মহাসাগর

**৪. উক্ত চিহ্নিত মহাসাগরটি গুরুত্বপূর্ণ, কারণ–**

i. এটি পৃথিবীর গভীরতম মহাসাগর
ii. পৃথিবীর ২০ শতাংশ স্থান জুড়ে এ মহাসাগরের অবস্থান
iii. সভ্যতা ও জ্ঞান–বিজ্ঞান বিকাশে এটির বিশেষ ভূমিকা রয়েছে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓚ i ও ii
ⓖ iii ● ii ও iii

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** এশিয়ার ভৌগোলিক অবস্থান ও আয়তন




ক. পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম কী?
খ. দ্বীপ ও দ্বীপপুঞ্জে পর্যটন কেন্দ্র গড়ে উঠে কেন?
গ. চিত্রের 'A' চিহ্নিত মহাদেশটির ভূপ্রকৃতি কেমন? বর্ণনা কর।
ঘ. পৃথিবীর অর্থনৈতিক উন্নয়নে উক্ত মহাদেশটির কোনো ভূমিকা আছে কী? তোমার মতামত দাও।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম মাউন্ট এভারেস্ট।

**খ** সাধারণত দ্বীপ ও দ্বীপপুঞ্জের এলাকার প্রাকৃতিক দৃশ্য মনোমুগ্ধকর হয়। তাছাড়া দ্বীপ বা দ্বীপপুঞ্জ সমুদ্র সংলগ্ন হওয়ায় পৃথিবীর নানা স্থানের হাজার হাজার মানুষ এখানে অবসর বিনোদনের জন্য সময় কাটাতে আসে। মনোমুগ্ধকর প্রাকৃতিক পরিবেশ ও অবসর বিনোদনের জন্যই মূলত দ্বীপ ও দ্বীপপুঞ্জে পর্যটন কেন্দ্র গড়ে ওঠে।

**গ** চিত্রের 'A' চিহ্নিত মহাদেশটির নাম এশিয়া মহাদেশ। এ মহাদেশটির ভূপ্রকৃতি বৈচিত্র্যপূর্ণ। এর এক–তৃতীয়াংশ ভূমি যেমন সমতল তেমনি আবার আছে সুউচ্চ পর্বতশৃঙ্গ এভারেস্ট যা পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ। এর উচ্চতা ৮৮৫০ মিটার। এ পর্বতসমূহ ও নিকটবর্তী পর্বত সারাবছর বরফে ঢাকা থাকে। পৃথিবীর বড় দশটি নদীর প্রায় সাতটি এ মহাদেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে। আবার আছে পৃথিবীর বৃহত্তম হ্রদ কাস্পিয়ান এবং সুউচ্চ পামির মালভূমি।

**ঘ** পৃথিবীর অর্থনৈতিক উন্নয়নে এশিয়া মহাদেশের ভূমিকা তাৎপর্যপূর্ণ। এশিয়া মহাদেশটি কৃষিপ্রধান। এ মহাদেশের মধ্যে ইন্দোনেশিয়া ধান, ভারত চা, বাংলাদেশ পাট উৎপাদনে প্রধান। এর ভূগর্ভস্থ তেল, গ্যাস, ম্যাঙ্গানিজ, আকরিক লোহা, কয়লা প্রভৃতি জ্বালানি সম্পদে পরিপূর্ণ। পৃথিবীর বেশিরভাগ জ্বালানি তেল এশিয়া থেকে উত্তোলিত হয়। সারাবিশ্ব এ তেলের ওপর নির্ভরশীল। চীন, জাপান, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া প্রভৃতি দেশ শিল্পে সমৃদ্ধ। বাংলাদেশে তৈরি পোশাক শিল্পের

অবস্থা পৃথিবীর অন্যান্য দেশের তুলনায় অনেক ভালো। জাপান পৃথিবীর তৃতীয় শিল্পপ্রধান দেশের গৌরব অর্জন করেছে। সামগ্রিক আলোচনায় দেখা যায়, চিত্রের 'A' চিহ্নিত মহাদেশটি কৃষি, বাণিজ্য, শিল্প প্রভৃতি নানা অর্থনৈতিক ক্ষেত্রে চরম উৎকর্ষতা অর্জন করেছে। সুতরাং বলা যায়, পৃথিবীর অর্থনৈতিক উন্নয়নে এ মহাদেশটির ভূমিকা গুরুত্বপূর্ণ।

**প্রশ্ন– ২ ▸▸** বঙ্গোপসাগর

বার্ষিক পরীৰা শেষে রবহি মা–বাবার সঙ্গে পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকতে বেড়াতে গিয়েছে। রবহি সেখানে দেশি–বিদেশি অনেক পর্যটক দেখতে পেল। বাবা বললেন, এই যে বিশাল জলরাশি দেখছ এটি একটি উপসাগর এবং অফুরন্ত সম্পদের ভান্ডার।


ক. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম কী?
খ. জাপানকে সূর্যোদয়ের দেশ বলা হয় কেন? ব্যাখ্যা কর।
গ. মানচিত্র অঙ্কন করে রবহির দেখা জলরাশির অবস্থান চিহ্নিত কর।
ঘ. রবহির বাবা উপসাগরটিকে অফুরন্ত সম্পদের ভান্ডার বলেছেন কেন? ব্যাখ্যা কর।

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন।

**খ** পৃথিবীর একেবারে পূর্বপ্রান্তে অবস্থিত দেশটির নাম জাপান। পূর্বপ্রান্তে হওয়ায় পৃথিবীর অন্য দেশ অপেক্ষা জাপানে সবার আগে সূর্যোদয় হয়। এ কারণে জাপানকে সূর্যোদয়ের দেশ বলা হয়।

**গ** রবহি পৃথিবীর দীর্ঘতম সমুদ্রসৈকত কক্সবাজারে বেড়াতে গিয়ে যে জলরাশি দেখতে পায় তা হচ্ছে বঙ্গোপসাগর। রবহির বাবাও উদ্দীপকে এ জলরাশিকে একটি উপসাগর হিসেবে চিহ্নিত করেছেন। অর্থাৎ নিশ্চিতভাবেই রবহির দেখা জলরাশি হচ্ছে বঙ্গোপসাগর। নিচে মানচিত্র অঙ্কন করে রবহির দেখা জলরাশির অবস্থান চিহ্নিত করা হলো :




**ঘ** বঙ্গোপসাগরের প্রাপ্ত সম্পদের অতি উচ্চ অর্থনৈতিক মূল্য আছে বলে রবহির বাবা উপসাগরটিকে অফুরন্ত সম্পদের ভান্ডার বলেছেন। বাংলাদেশের দৰিণে বিস্তৃত বিশাল জলরাশির নাম বঙ্গোপসাগর। বঙ্গোপসাগরে রয়েছে প্রচুর মৎস্য সম্পদ। প্রায় পাঁচশত প্রজাতির মাছ রয়েছে এ সাগরে। যার মধ্যে রূ পচাঁদা, ইলিশ, ছুরি, লাৰা, লইট্টা, ফাইস্যা, পোয়া, কোরাল প্রভৃতি উলেরখযোগ্য। শুধু দশ রকমের চিংড়িই রয়েছে এ সাগরে। দেশের চাহিদা মিটিয়ে এসব মাছ বিদেশেও রপ্তানি করা হয়। তাছাড়া বঙ্গোপসাগরের তলদেশে রয়েছে বিপুল গ্যাস সম্পদ। আমাদের দেশের উপকূলীয় এলাকার অধিবাসীরা বঙ্গোপসাগরের পানি থেকে লবণ উৎপাদন করে। সাগরের শঙ্খ, শামুক, ঝিনুক সংগ্রহ করেও অনেক লোক জীবিকা নির্বাহ করে। বঙ্গোপসাগরের তীরে অবস্থিত কক্সবাজার বাংলাদেশের প্রধান পর্যটন কেন্দ্র। গড়ে উঠেছে ঝিনুক শিল্প। সুতরাং বলা যায় যে, উপরিউক্ত অর্থনৈতিক গুরবত্ব বিবেচনা করে উদ্দীপকে রবহির বাবা উপসাগরটিকে অফুরন্ত সম্পদের ভান্ডার বলেছেন।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**ভূমিকা** ➡ বোর্ড বই, পৃষ্ঠা-২০

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **ভূপ্রকৃতি, জলবায়ু, অর্থনীতি মানুষের জীবনযাত্রাসহ বিভিন্ন ৰেত্রে কোনটি ভূমিকা রাখে?** (জ্ঞান)
ⓚ নদী ⓛ সাগর ● মহাসাগর ⓜ উপসাগর

২. **পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি?** [মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ অস্ট্রেলিয়া ● এশিয়া ⓖ ইউরোপ ⓜ আফ্রিকা

৩. **পৃথিবীতে মহাদেশের সংখ্যা কত?** [উদয়ন স্কুল এন্ড কলেজ]
ⓚ তিন ⓛ পাঁচ ● সাত ⓜ নয়

৪. **বঙ্গোপসাগর বাংলাদেশের কোন দিকে অবস্থিত?** (জ্ঞান)
ⓚ পূর্বে ⓛ পশ্চিমে ● দৰিণে ⓜ উত্তরে

৫. **আমাদের দেশ কোন মহাদেশের অন্তর্ভুক্ত?** (জ্ঞান)
ⓚ আফ্রিকা ⓛ ইউরোপ ⓖ অস্ট্রেলিয়া ● এশিয়া

৬. **বঙ্গোপসাগর কোন মহাসাগরে অবস্থিত?** (জ্ঞান)
ⓚ উত্তর মহাসাগরে ⓛ প্রশান্ত মহাসাগরে
ⓖ আটলান্টিক মহাসাগরে ● ভারত মহাসাগরে

৭. **বঙ্গোপসাগর আসলে কী?** (জ্ঞান)
ⓚ সাগর ● উপসাগর ⓖ মহাসাগর ⓜ নদী

৮. **জনসংখ্যার দিক দিয়ে পৃথিবীর সবচেয়ে বড় মহাদেশ কোনটি?** [শরিয়তপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● এশিয়া ⓛ ইউরোপ ⓖ আফ্রিকা ⓜ অস্ট্রেলিয়া

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯. **মহাসাগরগুলোর ভূমিকা হলো–** (অনুধাবন)
i. মহাদেশগুলোর বিচ্ছিন্নকরণ
ii. জলবায়ু ও অর্থনীতিতে ভূমিকা পালন
iii. মহাদেশগুলোকে পরস্পর সংযুক্তকরণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ● i ও ii ⓜ i, ii ও iii

১০. **পৃথিবীর মানচিত্রে বাংলাদেশের অবস্থান–** (অনুধাবন)
i. এশিয়া মহাদেশে
ii. ভারতীয় উপমহাদেশে
iii. ভারত মহাসাগরে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ● i ও ii ⓜ i, ii ও iii

১১. **বিশ্বমানচিত্রে বাংলাদেশ তার অবস্থান তৈরি করে নিয়েছে–** (উচ্চতর দৰতা)
i. দীর্ঘ রাজনৈতিক–সাংস্কৃতিক সংগ্রামের মধ্য দিয়ে

ii. ১৯৭১–এ সশস্ত্র মুক্তিযুদ্ধের পর
iii. ১৯৪৭–এ দেশ বিভাগের পর
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ● i ও ii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**➲ পাঠ-১ : মহাদেশের ভৌগোলিক পরিচয়** ➠ বোর্ড বই, পৃষ্ঠা-২০

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২. বাংলাদেশের অবস্থান কোন উপমহাদেশে?** (জ্ঞান)
ⓚ এশিয়া ⓛ দক্ষিণ এশিয়া ● ভারত ⓘ দক্ষিণ–পূর্ব এশিয়া

**১৩. দ্বীপ বা দ্বীপপুঞ্জ আসলে কীসের অংশ?** (অনুধাবন)
● মহাদেশের ⓛ উপসাগরের ⓖ মহাসাগরের ⓘ নদনদীর

**১৪. মহাদেশগুলোর ভূপ্রকৃতি কেমন?** (অনুধাবন)
ⓚ পুরোটাই সমতল ● পুরোটা সমতল নয়
ⓖ অর্ধেক সমতল ⓘ এক–চতুর্থাংশ সমতল

**১৫. বিভিন্ন মহাদেশকে পরস্পর থেকে বিচ্ছিন্ন করেছে নীচের কোনটি?** (জ্ঞান)
ⓚ সাগরচূড়া ⓛ আটলান্টিস ⓖ শৈবালশৈল ● মহাসাগর

**১৬. মহাদেশের মূল ভূখণ্ড থেকে বিচ্ছিন্ন থাকে কোনটি?** (জ্ঞান)
● দ্বীপ ⓛ উপদ্বীপ ⓖ হ্রদ ⓘ উপসাগর

**১৭. পৃথিবীর মোট আয়তনের মধ্যে শতকরা কতভাগ স্থলভাগ?** [বাগেরহাট সরকারি উচ্চ বিদ্যালয়]
● ২৯ ভাগ ⓛ ৩৫ ভাগ ⓖ ৬৫ ভাগ ⓘ ৭১ ভাগ

**১৮. পৃথিবীর স্থলভাগের একেকটি বড় অংশকে কী বলে?** [মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ প্রদেশ ● মহাদেশ ⓖ স্থল বন্দর ⓘ তলরাট

**১৯. দ্বীপ ও দ্বীপপুঞ্জের মনোমুগ্ধকর প্রাকৃতিক পরিবেশের প্রভাবে কোন শিল্প গড়ে ওঠে?** (অনুধাবন)
ⓚ শুঁটকি ● পর্যটন ⓖ ঝিনুক ⓘ লবণ

**২০. দীপপুঞ্জকে কেন্দ্র করে পর্যটন শিল্প গড়ে ওঠার কারণ কী?** (অনুধাবন)
ⓚ সস্তা খাদ্যদ্রব্য ● মনোরম প্রাকৃতিক পরিবেশ
ⓖ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ⓘ সম্পদের প্রাচুর্য


## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২১. পৃথিবীতে মহাদেশ ছাড়াও রয়েছে–** (অনুধাবন)
i. ভূখণ্ড ii. দ্বীপ iii. দীপপুঞ্জ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

**২২. মহাদেশগুলোর ভূপ্রকৃতির বৈশিষ্ট্য হলো–** (অনুধাবন)
i. সমতল ভূমি ii. পাহাড়–পর্বত ও মালভূমি
iii. নদনদী ও বনভূমি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓛ ii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচে প্রদর্শিত পৃথিবীর মানচিত্র ব্যবহার করে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**




**২৩. চিত্রে 'ক' দিয়ে কোন মহাদেশটিকে ইঙ্গিত করা হয়েছে?** (প্রয়োগ)
ⓚ এশিয়া ⓛ আফ্রিকা ⓖ উত্তর আমেরিকা ● দৰিণ আমেরিকা

**২৪. 'খ' চিহ্নিত স্থানটির অবস্থান হলো–** (উচ্চতর দক্ষতা)
i. এশিয়া মহাদেশে ii. ভারতীয় উপমহাদেশে
iii. প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**বৃত্তাকার চিত্রটির আলোকে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**




চিত্র : পৃথিবীর মোট আয়তনের বিভাজন

[মতিঝিল স্কুল এন্ড কলেজ]

**২৫. চিত্রটিতে সবচেয়ে বেশি অংশ অর্থাৎ ৭১ ভাগ দিয়ে কোন বিষয়টি নির্দেশ করছে?**
ⓚ মহাদেশসমূহ ⓛ পৃথিবীর স্থলভাগ
● পৃথিবীর জলরাশি ⓘ নদনদীসমূহ

**২৬. চিত্রটিতে ক্ষুদ্র অংশে যে বিষয়গুলো দেখা যায় তা হলো–**
i. পর্বত ii. উপসাগর iii. মালভূমি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**➲ পাঠ-২ ও ৩ : এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান, আয়তন, ভূপ্রকৃতি ও জলবায়ু** ➠ বোর্ড বই, পৃষ্ঠা-২১

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৭. এশিয়া মহাদেশের আয়তন কত?** (জ্ঞান)
● ৪ কোটি ৪৬ লক্ষ ১৪ হাজার বর্গকিলোমিটার
ⓛ ৫ কোটি ৪৩ লক্ষ ৯১ হাজার বর্গকিলোমিটার
ⓖ ৬ কোটি ৪৩ লক্ষ ৯১ হাজার বর্গকিলোমিটার
ⓘ ৭ কোটি ৪৩ লক্ষ ৯১ হাজার বর্গকিলোমিটার

**২৮. পৃথিবীর মোট স্থলভাগের কতভাগ এশিয়ার অন্তর্ভুক্ত?** (জ্ঞান)
● তিন ভাগের এক ভাগ ⓛ তিন ভাগের দুই ভাগ
ⓖ চার ভাগের দুই ভাগ ⓘ চার ভাগের তিন ভাগ

**২৯. 'ব্যাবিলনের শূন্য উদ্যান' কোথায়?** (জ্ঞান)
ⓚ আমেরিকায় ● এশিয়ায় ⓖ আফ্রিকায় ⓘ ইউরোপে

**৩০. 'মাউন্ট এভারেস্ট' এর উচ্চতা কত মিটার?** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ⓚ ৮৮৫৫ মিটার ⓛ ৮৮৫১ মিটার ● ৮৮৫০ মিটার ⓘ ৮৮০৫ মিটার

**৩১. 'তেনজিং শেরপা' কোন দেশের অধিবাসী?** (জ্ঞান)
ⓚ ভারত ● নেপাল ⓖ বাংলাদেশ ⓘ নিউজিল্যান্ড

**৩২. 'স্যার জর্জ এভারেস্ট' কে ছিলেন?** [ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ⓚ ব্রিটিশ–ভারতের প্রশাসনিক প্রধান ⓛ ব্রিটিশ পুলিশ বিভাগের প্রধান
● ব্রিটিশ–ভারতের জরিপ বিভাগের প্রধান ⓘ ব্রিটিশ সামরিক বিভাগের প্রধান

**৩৩. পৃথিবীর বড় দশটি নদীর কয়টি এশিয়ায় প্রবাহিত?** (জ্ঞান)
ⓚ ৯ ⓛ ৮ ● ৭ ⓘ ৬

**৩৪. পৃথিবীর প্রাচীন সভ্যতার উজ্জ্বল নিদর্শনের মধ্যে কয়টি এশিয়া মহাদেশে অবস্থিত?** (অনুধাবন)
● ২ ⓛ ৩ ⓖ ৫ ⓘ ৭

**৩৫. বাংলাদেশের প্রথম এভারেস্ট বিজয়ী বাঙালি কে?** [বনশ্রী আইডিয়াল স্কুল]
ⓚ হিলারি ⓛ তেনজিং ⓖ মুহিত ● মুসা ইব্রাহিম

**৩৬. পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম কী?** (জ্ঞান)
ⓚ বেননেভিস ⓛ মাউন্ট বর‌্যাঙ্ক ⓖ আলাসকারেঞ্জ ● মাউন্ট এভারেস্ট

**৩৭. 'কাস্পিয়ান' কী?** (জ্ঞান)
● এশিয়ার বৃহত্তম হ্রদ ⓛ এশিয়ার বৃহত্তম মরুভূমি
ⓖ এশিয়ার বৃহত্তম নদী ⓘ এশিয়ার বৃহত্তম মালভূমি

**৩৮. পৃথিবীর অধিকাংশ প্রাচীন সভ্যতা কোন মহাদেশে অবস্থিত?** [সরকারি পি. এন বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
ⓚ ইউরোপে ⓛ আফ্রিকায় ⓖ উত্তর আমেরিকায় ● এশিয়ায়

**৩৯. এশিয়ার সমতল অঞ্চল মোট ভূভাগের কত অংশ?** (জ্ঞান)
● এক–তৃতীয়াংশ ⓛ দুই–তৃতীয়াংশ ⓖ এক–পঞ্চমাংশ ⓘ দুই–পঞ্চমাংশ

**৪০. প্রথম এভারেস্ট পর্বতচূড়ায় আরোহণকারী 'এডমন্ড হিলারি' কোন দেশের নাগরিক?** (জ্ঞান)
ⓚ নেপালের ● নিউজিল্যান্ডের ⓖ অস্ট্রেলিয়ার ⓘ ইংল্যান্ডের

**৪১. এশিয়া মহাদেশের পশ্চিমে কী অবস্থিত?** (জ্ঞান)
ⓚ সমভূমি ⓛ নদনদী ● মরুভূমি ⓘ বনাঞ্চল

**৪২. মাউন্ট এভারেস্টের উচ্চতা মেপেছিলেন এক বাঙালি তার নাম কী?**
[ধানমন্ডি গভ. বয়েজ হাইস্কুল, ঢাকা]

● রাধানাথ শিকদার ⓚ এডমন্ড হিলারি
ⓖ তেনজিং শেরপা ⓖ মুসা ইব্রাহীম

**৪৩. চীনের মহাপ্রাচীর এবং ব্যাবিলনের শূন্য উদ্যান কোন মহাদেশে অবস্থিত?** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ⓚ দৰিণ আমেরিকা ⓚ আফ্রিকা ⓖ ইউরোপ ● এশিয়া

**৪৪. উত্তপ্ত মরবভূমি অঞ্চল এশিয়ার কোন দিকে অবস্থিত?** [ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ উত্তর দিকে ● পশ্চিম দিকে ⓖ দৰিণ দিকে ⓖ পূর্ব দিকে

**৪৫. হিমালয়ের এভারেস্ট শৃঙ্গের উচ্চতা মেপেছিলেন রাধানাথ শিকদার। তিনি ছিলেন একজন—** (প্রয়োগ)
ⓚ মারাঠি ⓚ বিহারি ⓖ নেপালিজ ● বাঙালি

**৪৬. এশিয়া মহাদেশের ভূপ্রকৃতিকে বৈচিত্র্যপূর্ণ বলা হয় কেন?** (অনুধাবন)
● পৃথিবীর সব ধরনের ভূমিরূ পের বিস্তার এখানে লৰ করা যায়
ⓚ উদ্ভিদ ও প্রাণিজ রাজ্যের ভিন্নতা এখানে লৰ করা যায়
ⓖ জনবহুল ও জনবিরল অঞ্চল এখানে লৰ করা যায়
ⓖ অসংখ্য নদনদী ও হ্রদ এখানে লৰ করা যায়

**৪৭. এশিয়া মহাদেশের জলবায়ুতে বৈচিত্র্য দেখা যাওয়ার কারণ কী?** (উচ্চতর দৰতা)
ⓚ পৃথিবীর উষ্ণতম ও শীতলতম স্থান এখানে অবস্থিত বলে
ⓚ সমুদ্র স্রোতের প্রভাবে ও সমুদ্র সান্নিধ্যের কারণে
ⓖ শীত ও গরম উভয়ের তীব্রতা অনেক বেশি থাকার কারণে
● ভূপ্রকৃতি, বায়ুপ্রবাহ ও সমুদ্রস্রোত ইত্যাদির বৈচিত্র্যের কারণে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৮. এশিয়ায় অবস্থিত সভ্যতার উজ্জ্বল নিদর্শন—** (অনুধাবন)
i. রোমের কলোসিয়াম ii. চীনের মহাপ্রাচীর
iii. ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও ii ⓖ i ও iii ● ii ও iii

**৪৯. এভারেস্ট পর্বতচূড়ায় আরোহণকারী—** (অনুধাবন)
i. তেনজিং শেরপা ii. এডমন্ড হিলারি iii. মুসা ইব্রাহীম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৫০. এশিয়ার সভ্যতাগুলো—** (অনুধাবন)
i. মেসোপটেমিয়া ii. হিব্রু iii. হেলেনেস্টিক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ● i ও ii ⓖ i ও iii

**৫১. প্রাচীনকালে এশিয়ায় সভ্যতার যাত্রা শুরবর সময় সভ্যতার আলো পৌছায়নি—** (অনুধাবন)
i. বাংলাদেশে ii. আমেরিকায় iii. ইউরোপে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓖ i, ii ও iii

**৫২. এভারেস্ট পর্বতচূড়ায়—** (অনুধাবন)
i. প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হয়
ii. নারীদের মধ্যে নিশাত মজুমদার আরোহনকারী
iii. সারাবছর বরফে ঢাকা থাকে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ i ও iii ● ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**চিত্রটি লৰ করে ৫৩ ও ৫৪ নং প্রশ্নের উত্তর দাও :**



চিত্র A

**৫৩. চিত্রে পর্বতমালা কোনটিকে নির্দেশ করছে?** (প্রয়োগ)
ⓚ আন্দিজ ⓚ আল্পস ● হিমালয় ⓖ পিরেনিজ

**৫৪. অনুচ্ছেদে পর্বতমালায় আরোহণকারী প্রথম বাংলাদেশি কে?** (উচ্চতর দৰতা)
ⓚ সেগুপ্তা ইয়াসমিন ● মুসা ইব্রাহীম ⓖ উষা রানি ⓖ সাজিদ সোবহান

## ➲ পাঠ-৪ : এশিয়ার জনসংখ্যা, অর্থনীতি ও ধর্ম ➡ বোর্ড বই, পৃষ্ঠা-২৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৫. বিশ্বের মোট জনসংখ্যার প্রায় কতভাগ মানুষ এশিয়া মহাদেশে বাস করে?** (জ্ঞান)
ⓚ ৪০ ⓚ ৫০ ● ৬০ ⓖ ৭০

**৫৬. ২০১১ সালে পৃথিবীর মোট জনসংখ্যা কত ছিল?** (জ্ঞান)
● ৭০০ কোটি ⓚ ৮০০ কোটি ⓖ ৯০০ কোটি ⓖ ১০০০ কোটি

**৫৭. চীনের জনসংখ্যা কত?** (জ্ঞান)
ⓚ ১১০ কোটি ২০ লৰ ⓚ ১২০ কোটি ২০ লৰ
● ১৩৭ কোটি ২০ লৰ ⓖ ১৪০ কোটি ২০ লৰ

**৫৮. ভারতের জনসংখ্যা কত?** (জ্ঞান)
● ১৩১ কোটি ৪০ লৰ ⓚ ১২৪ কোটি ৪০ লৰ
ⓖ ১২৫ কোটি ৪০ লৰ ⓖ ১২৬ কোটি ৪০ লৰ

**৫৯. প্রধান পাট উৎপাদনকারী দেশ কোনটি?** [কাড়ো ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]
ⓚ বাংলাদেশ ⓚ ইন্দোনেশিয়া ● ভারত ⓖ ভুটান

**৬০. নিচের কোনটি উৎপাদনে বাংলাদেশ বিশ্বের দ্বিতীয় প্রধান দেশ?** (জ্ঞান)
ⓚ চা ● পাট ⓖ ধান ⓖ গম

**৬১. পৃথিবীর প্রধান ধান উৎপাদনকারী দেশ কোনটি?** [লক্ষ্মীপুর আদর্শ সামাদ সরকারি উচ্চ বিদ্যালয়]
● চীন ⓚ শ্রীলঙ্কা ⓖ ভারত ⓖ ইন্দোনেশিয়া

**৬২. বুদ্ধগয়া কোথায় অবস্থিত?** (জ্ঞান)
● ভারতে ⓚ পাকিস্তানে ⓖ বাংলাদেশে ⓖ শ্রীলংকায়

**৬৩. প্রাচীন হিন্দু, জৈন ও বৌদ্ধ ধর্মের জন্ম কোথায়?** (জ্ঞান)
ⓚ ইউরোপে ● এশিয়ায় ⓖ অস্ট্রেলিয়ায় ⓖ আফ্রিকায়

**৬৪. মুসলমানদের পবিত্র কাবা শরীফ কোথায় অবস্থিত?** (জ্ঞান)
ⓚ সৌদি আরবের জেদ্দায় ⓚ সৌদি আরবের রিয়াদে
● সৌদি আরবের মক্কায় ⓖ সৌদি আরবের মদীনায়

**৬৫. কোনটি প্রাচীন ধর্ম?** (জ্ঞান)
● হিন্দু ⓚ ইসলাম ⓖ ইহুদি ⓖ খ্রিস্ট

**৬৬. ভারত উপমহাদেশের দেশগুলো কোন ধরনের?** (অনুধাবন)
ⓚ জনবসতি শূন্য ⓚ মাঝারি জনবসতিপূর্ণ
● ঘন জনবসতিপূর্ণ ⓖ হালকা জনবসতিপূর্ণ

**৬৭. মুসলমান, খ্রিস্টান ও ইহুদিদের পবিত্র ধর্মস্থান কোথায় অবস্থিত?** (জ্ঞান)
ⓚ মক্কায় ● জেরুজালেমে ⓖ মদিনায় ⓖ গয়া ও কাশীতে

**৬৮. পৃথিবীর সব প্রাচীন ধর্মের জন্মস্থান কোন মহাদেশে?** [মোহাম্মদপুর প্রিপারেটরি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]
ⓚ ইউরোপে ⓚ আমেরিকায় ⓖ আফ্রিকায় ● এশিয়ায়

**৬৯. আয়তন ও জনসংখ্যায় পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি?** (জ্ঞান)
ⓚ আমেরিকা ⓚ ইউরোপ ● এশিয়া ⓖ আফ্রিকা

**৭০. পৃথিবীর মোট জনসংখ্যার মধ্যে এশিয়ায় কত ভাগ লোক বাস করে?** (জ্ঞান)
ⓚ তিন ভাগের দুই ভাগ ● চার ভাগের তিন ভাগ
ⓖ পাঁচ ভাগের চার ভাগ ⓖ ছয় ভাগের পাঁচ ভাগ

**৭১. এশিয়ার ঘন জনবসতিপূর্ণ অঞ্চল কোনটি?** (জ্ঞান)
ⓚ মধ্য-এশিয়া ⓚ পশ্চিম-এশিয়া ⓖ উত্তর-এশিয়া ● পূর্ব-এশিয়া

**৭২. এশিয়া মহাদেশের মোট জনসংখ্যার কত অংশ ভারত উপমহাদেশে বসবাস করে?** (জ্ঞান)
ⓚ প্রায় এক-তৃতীয়াংশ লোক ● প্রায় দুই-তৃতীয়াংশ লোক
ⓖ প্রায় তিন-চতুর্থাংশ লোক ⓖ প্রায় চার-পঞ্চমাংশ লোক

**৭৩. কোন দেশের জনসংখ্যা সবচাইতে বেশি?** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা; বনশ্রী আইডিয়াল স্কুল]
ⓚ বাংলাদেশ ⓚ ইন্দোনেশিয়া ● চীন ⓖ ভারত

**৭৪. নিচের কোনটি ছাড়া সারা পৃথিবীই অচল?** (অনুধাবন)
ⓚ ম্যাঙ্গানিজ ● জ্বালানি তেল ⓖ ল্যান থেনাইট ⓖ বিটুমিনস

**৭৫. জাপান পৃথিবীর কততম শিল্পসমৃদ্ধ দেশ?** [লক্ষ্মীপুর আদর্শ সামাদ, সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ প্রথম ⓚ দ্বিতীয় ● তৃতীয় ⓖ চতুর্থ

**৭৬. বিশ্ব প্রেৰাপটে বাংলাদেশ এগিয়ে গেছে কীসে?** (অনুধাবন)
ⓚ ইলেকট্রনিক্স ⓚ যানবাহন ও ভারী
● তৈরি পোশাক ⓖ হোসাওয়ারি ও নিট

**৭৭. মধ্য এশিয়া থেকে ইসলাম ধর্ম পৃথিবীব্যাপী ছড়িয়ে পড়ে কত শতকে?** (জ্ঞান)
ⓚ পঞ্চম শতকে ⓚ ৬ষ্ঠ শতকে

● সপ্তম শতকে ঘ অষ্টম শতকে

**৭৮. প্রাচীনকাল থেকেই এশিয়া মহাদেশের সাথে বিশ্বের অন্যান্য অঞ্চলের ব্যবসা–বাণিজ্য গড়ে ওঠে কেন?** (অনুধাবন)
ক এশিয়া কৃষিপ্রধান মহাদেশ থাকায়
খ এশিয়া শিল্পসমৃদ্ধ থাকায়
● সাগর মহাসাগর ও নদ নদীর সুবিধা থাকায়
ঘ অর্থনৈতিকভাবে এশিয়া উন্নত হওয়ায়

**৭৯. কোথায় ইহুদি ধর্মের উদ্ভব ঘটে?** (জ্ঞান)
ক পূর্ব এশিয়ায় খ উত্তর–পশ্চিম এশিয়ায়
গ পশ্চিম এশিয়ায় ● দক্ষিণ–পশ্চিম এশিয়ায়

**৮০. মালদ্বীপের লোকসংখ্যা কত?** [নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● প্রায় ৩ লক্ষ খ প্রায় ৪ লক্ষ গ প্রায় ৫ লক্ষ ঘ প্রায় ৬ লক্ষ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮১. এশিয়ার শিল্পসমৃদ্ধ দেশ–** (অনুধাবন)
i. জাপান, চীন, সিঙ্গাপুর ii. দক্ষিণ কোরিয়া, ভারত, মালয়েশিয়া
iii. শ্রীলংকা, ভুটান, মালদ্বীপ
**নিচের কোনটি সঠিক?**
ক i ● i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**৮২. সারাবিশ্ব নির্ভরশীল–** (অনুধাবন)
i. পশ্চিম এশিয়ার তেলের ওপর ii. দক্ষিণ এশিয়ার তেলের ওপর
iii. মধ্যপ্রাচ্যের তেলের ওপর
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ● i, ii ও iii

**৮৩. ইহুদি ও পরে খ্রিষ্টধর্মের উদ্ভব ঘটে—** (অনুধাবন)
i. দক্ষিণ–পশ্চিম এশিয়া থেকে ii. ভারতীয় উপমহাদেশ থেকে
iii. মধ্যপ্রাচ্য থেকে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮৪. পৃথিবীর বেশ কয়েকটি ধর্মের পবিত্র স্থান জেরুজালেম। ধর্মগুলো হলো–** (প্রয়োগ)
i. ইহুদি ii. ইসলাম iii. খ্রিষ্ট
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৫. যে দেশগুলো থেকে সবচেয়ে বেশি তেল উত্তোলিত হয়–** (অনুধাবন)
i. সৌদি আরব, ইরান, ইরাক ii. বাংলাদেশ, ভারত
iii. আরব আমিরাত, কুয়েত
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও ii ● i ও iii

**৮৬. তুলনামূলকভাবে কম লোক বাস করে–** (অনুধাবন)
i. মধ্য এশিয়ায় ii. সাইবেরিয়ায়
iii. দক্ষিণ–পশ্চিম এশিয়ায়
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও ii ● i ও iii

**৮৭. এশিয়ার লোকসংখ্যা–** (অনুধাবন)
i. চীনের দ্বিগুণ ii. ৪৪২ কোটি ৭০ লক্ষ
iii. পৃথিবীর প্রায় চার ভাগের তিন ভাগ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ● ii ও iii

**৮৮. এশিয়া মহাদেশে সাগর–মহাসাগর ও নদনদীর সুবিধা থাকার ফলে–** (উচ্চতর দক্ষতা)
i. ব্যবসা–বাণিজ্য গড়ে উঠেছে
ii. বিশ্বের অন্যান্য অঞ্চলের সঙ্গে ব্যবসা–বাণিজ্য গড়ে উঠেছে
iii. জনসংখ্যার চাপ বেড়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ● i ও ii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৯ ও ৯০ প্রশ্নের উত্তর দাও :**
কৃষি কাজই এশিয়া মহাদেশের অর্থনৈতিক মেরুদণ্ড। এর দক্ষিণ ও দক্ষিণ–পূর্ব দিকের উর্বর মৃত্তিকা সম্পন্ন নদী অববাহিকা ও বদ্বীপ অঞ্চলসমূহে ব্যাপকভাবে কৃষি কাজ হয়। এছাড়া নদী অববাহিকায় প্রাচীনকালে গড়ে উঠেছিল বিভিন্ন সভ্যতা। [মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

**৮৯. অনুচ্ছেদে উল্লিখিত মহাদেশে কোনটি অধিক পরিমাণে রয়েছে?**
ক ভূপ্রকৃতি ও জলবায়ু খ জনসংখ্যা ও আয়তন
গ দ্বীপ ও দ্বীপপুঞ্জ ● প্রাকৃতিক সম্পদ

**৯০. উক্ত মহাদেশে পাওয়া যায়–**
i. তেল ও গ্যাস ii. ম্যাঙ্গানিজ ও আকরিক লোহা
iii. প্রচুর স্বর্ণ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৫ ও ৬ : এশিয়া মহাদেশে বাংলাদেশের অবস্থান

➡ বোর্ড বই, পৃষ্ঠা-২৪

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯১. জাপানকে কী বলা হয়?** (জ্ঞান)
ক বজ্র ড্রাগনের দেশ খ সাহিত্য–সংস্কৃতির দেশ
গ মরুভূমির দেশ ● সূর্যোদয়ের দেশ

**৯২. এশিয়া ও ইউরোপকে পৃথক করেছে কোন পর্বতমালা?** (জ্ঞান)
ক হিমালয় খ আন্দিজ ● ইউরাল ঘ আলপস্

**৯৩. চীনের ইয়াংসিকিয়াং এশিয়ার দীর্ঘতম নদী। এর দৈর্ঘ্য কত কিলোমিটার?** [ধানমন্ডি গভ. বয়েজ হাই স্কুল, ঢাকা]
ক ৬১০০ খ ৬২০০ ● ৬৩০০ ঘ ৬৪০০

**৯৪. দক্ষিণ এশীয় দেশগুলো নিয়ে গঠিত আঞ্চলিক সহযোগিতা সংস্থার নাম কী?** (জ্ঞান)
ক আসিয়ান ● সার্ক গ ওপেক ঘ এডিবি

**৯৫. ভারত মহাসাগর কোন দেশটিকে ঘিরে রেখেছে?** (জ্ঞান)
ক বাংলাদেশ খ ভুটান ● শ্রীলংকা ঘ নেপাল

**৯৬. কক্সবাজার কী?** (অনুধাবন)
● সমুদ্র সৈকত খ সমুদ্র বন্দর গ নদী বন্দর ঘ বিখ্যাত দ্বীপ

**৯৭. বঙ্গোপসাগরের তীরে পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকতের নাম কী?** (জ্ঞান)
ক সেন্টমার্টিন ● কক্সবাজার গ টেকনাফ ঘ কুয়াকাটা

**৯৮. বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম কী?** (জ্ঞান)
ক এভারেস্ট ● তাজিনডং গ কেওক্রাডং ঘ গডউইন অস্টিন

**৯৯. বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ তাজিনডং বান্দরবানে অবস্থিত। এর উচ্চতা কত মিটার?** [ধানমন্ডি গভ. বয়েজ হাই স্কুল, ঢাকা]
ক ১১৩১ মিটার ● ১২৩১ মিটার গ ১৩৩১ মিটার ঘ ১৪৩১ মিটার

**১০০. বঙ্গোপসাগরের জলরাশি কোথায় গিয়ে মিশেছে?** (জ্ঞান)
ক আরব সাগরে ● ভারত মহাসাগরে
গ চীন সাগরে ঘ প্রশান্ত মহাসাগরে

**১০১. শ্রীলংকা দেশটির চারদিকে কী ঘিরে আছে?** (জ্ঞান)
ক আরব সাগর খ বঙ্গোপসাগর
গ শ্যাম সাগর ● ভারত মহাসাগর

**১০২. বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ তাজিংডং-এর অপর নাম কী?** (জ্ঞান)
● বিজয় খ অর্জন গ সেজুতি ঘ জয়তী

**১০৩. কুয়াকাটা বাংলাদেশের কোন জেলার অন্তর্গত একটি দর্শনীয় স্থান?** (জ্ঞান)
ক কক্সবাজার ● পটুয়াখালী গ বাগেরহাট ঘ চট্টগ্রাম

**১০৪. নেপাল ও ভুটানের সাগর নেই কেন?** (অনুধাবন)
ক হ্রদ বেষ্টিত খ মহাসাগর বেষ্টিত ● স্থলবেষ্টিত ঘ নদনদী বেষ্টিত

**১০৫. কক্সবাজার বিখ্যাত কেন?** (অনুধাবন)
ক শুঁটকি খ লবণ ● পর্যটন শিল্প ঘ মৎস্য সম্পদ

**১০৬. তাজিনডং পর্বত শৃঙ্গ নিয়ে আমাদের গর্বের কারণ কী?** (অনুধাবন)
● বাংলাদেশের সর্বোচ্চ শৃঙ্গ খ পৃথিবীর সর্বোচ্চ শৃঙ্গ
গ এশিয়ার সর্বোচ্চ শৃঙ্গ ঘ দক্ষিণ এশিয়ার সর্বোচ্চ শৃঙ্গ

**১০৭. সার্ক গঠনের কারণ কী?** (অনুধাবন)
ক অর্থনৈতিক সহযোগিতা খ সাংস্কৃতিক বিনিময়
গ জ্ঞান বিজ্ঞানের বিনিময় ● আঞ্চলিক সহযোগিতা

**১০৮. কৃষিপ্রধান বাংলাদেশের উন্নতির প্রধান অন্তরায় কী?** (অনুধাবন)
ক সেচ ব্যবস্থার অপ্রতুলতা খ দারিদ্র্য
● দ্রুত ও অপরিকল্পিত জনসংখ্যা বৃদ্ধি ঘ বিজ্ঞান শিক্ষার অভাব

**১০৯. চীন ও জাপান শিল্পায়নে এশিয়ায় কততম অবস্থানে?** (জ্ঞান)

● প্রথম (খ) তৃতীয় (গ) দ্বিতীয় (ঘ) চতুর্থ

**১১০. এশিয়া মহাদেশের কোন দিকে বাংলাদেশের অবস্থান?** (জ্ঞান)
(ক) পূর্বে ● দৰিণে (গ) পশ্চিমে (ঘ) উত্তরে

**১১১. বাংলাদেশের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ তাজিনডং কোথায় অবস্থিত?** (জ্ঞান)
(ক) খাগড়াছড়ি (খ) শিলং ● বান্দরবান (ঘ) রাঙামাটি

**১১২. এশিয়া মহাদেশের দক্ষিণে কোন মহাসাগর অবস্থিত?** (জ্ঞান)
(ক) প্রশান্ত মহাসাগর (খ) আটলান্টিক মহাসাগর
● ভারত মহাসাগর (ঘ) উত্তর মহাসাগর

**১১৩. বাংলাদেশে ব্যবসা–বাণিজ্য প্রসারে ভূমিকা রাখে নিচের কোনটি?** (জ্ঞান)
● চট্টগ্রাম ও মংলা বন্দর (খ) শিল্পের প্রসার
(গ) বৈদেশিক বিনিয়োগ (ঘ) কৃষি উৎপাদন

**১১৪. রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবানের প্রাকৃতিক দৃশ্য কেমন?** (অনুধাবন)
(ক) রুক্ষ ● অত্যন্ত মনোমুগ্ধকর
(গ) মরুময় (ঘ) প্রাকৃতিক বিপর্যয়পূর্ণ

**১১৫. সুন্দরবন কোন ধরনের বনকে ইঙ্গিত করে?** (অনুধাবন)
● ম্যানগ্রোভ (খ) পত্রঝরা (গ) পার্বত্য (ঘ) চিরহরিৎ

**১১৬. কোন দেশটি অনেকগুলো দ্বীপের সমষ্টি?** [মাতৃপাঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
(ক) ভুটান (খ) বাংলাদেশ (গ) নেপাল ● মালদ্বীপ

**১১৭. এশিয়ার সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?** (জ্ঞান)
(ক) কিলিমানজারো (খ) আল্পস ● এভারেস্ট (ঘ) পিরেনিজ

**১১৮. পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকতের নাম কী?**
[মাতৃপাঠ সরকারি বালিকা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, চাঁদপুর]
● কক্সবাজার (খ) কুয়াকাটা (গ) সেন্টমার্টিন (ঘ) টেকনাফ

**১১৯. নেপাল ও ভুটানকে ভারতের ওপর নির্ভর করতে হয় কী কারণে?** (অনুধাবন)
(ক) সামরিক সাহায্যের জন্য (খ) অনুদানের জন্য
● ব্যবসা–বাণিজ্যের জন্য (ঘ) ত্রাণ সাহায্যের জন্য

**১২০. জলপথের সুবিধায় এশিয়া অঞ্চলে কীসের প্রসার ঘটেছে?** (অনুধাবন)
(ক) শিল্প কারখানা (খ) চাষাবাদ ● ব্যবসা–বাণিজ্য (ঘ) পর্যটন শিল্প

**১২১. আমাদের দেশে আমদানি–রপ্তানি হয় মূলত কীসের মাধ্যমে?** (অনুধাবন)
(ক) স্থলবন্দর ● সমুদ্রবন্দর
(গ) বিমানবন্দর (ঘ) নদীবন্দর

**১২২. সমীর উচ্চশিৰার জন্য বিদেশ যায়। সে যে দেশে যায় সে দেশটি শিল্পৰেত্রে ব্যাপক উন্নতি করেছে। নিচের কোন দেশটিতে সে যায়?**
[সরকারি পি. এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]
(ক) বাংলাদেশ (খ) পাকিস্তান (গ) নেপাল ● জাপান

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২৩. জাপানকে সূর্যোদয়ের দেশ বলার কারণ–** (অনুধাবন)
i. এখানে প্রথম সূর্য ওঠে
ii. এটি পৃথিবীর একেবারে পূর্বপ্রান্তের দেশ
iii. এখানেই প্রথম সূর্য দেখা গিয়েছিল
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ● ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১২৪. এশিয়ার শিল্পসমৃদ্ধ দেশ–** (অনুধাবন)
i. জাপান, চীন, সিঙ্গাপুর ii. দক্ষিণ কোরিয়া, ভারত, মালয়েশিয়া
iii. শ্রীলংকা, ভুটান, মালদ্বীপ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ● i ও ii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

**১২৫. বাংলাদেশের বিখ্যাত পর্যটন এলাকা–** (অনুধাবন)
i. টেকনাফ ও সেন্টমার্টিন ii. কুয়াকাটা
iii. মংলা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii ● i ও ii (ঘ) i, ii ও iii

**১২৬. বাংলাদেশের ভূখণ্ডে রয়েছে–** [বনশ্রী আইডিয়াল স্কুল, ঢাকা]
i. নদনদী ii. মহাসাগর
iii. পাহাড়–পর্বত
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii ● i ও iii (ঘ) ii ও iii

**১২৭. এশিয়া মহাদেশের উলেৱখযোগ্য নদী–** (অনুধাবন)
i. পদ্মা, যমুনা, সিন্ধু ii. হেলসিংকি, কিয়েভ, তিবলিস
iii. ইয়াংসিকিয়াং, হোয়াংহো, টাইগ্রিস
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii (গ) i ও ii ● i ও iii

**১২৮. দৰিণ এশিয়ার দেশ–** (অনুধাবন)
i. সিঙ্গাপুর, মালয়েশিয়া, দৰিণ কোরিয়া ii. সৌদি আরব, ইরাক, ইরান
iii. নেপাল, ভুটান, শ্রীলঙ্কা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii ● iii (ঘ) ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৯ ও ১৩০নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ কৃষিপ্রধান ও নদীমাতৃক দেশ। এদেশের ভূপ্রকৃতির কোথাও উঁচু টিলা, কোথাও বা সমতল ভূমি লৰ করা যায়।

**১২৯. অনুচ্ছেদের বর্ণনায় কীসের প্রতিচ্ছবি ফুটে ওঠে?** (প্রয়োগ)
● ভৌগোলিক বৈচিত্র্যের (খ) প্রাকৃতিক সম্পদের
(গ) অর্থনৈতিক সম্পদের (ঘ) শিল্প–সংস্কৃতির

**১৩০. উক্ত কৃষিপ্রধান দেশের উন্নতির প্রধান অন্তরায়–** (উচ্চতর দৰতা)
i. দ্রবত জনসংখ্যা ii. পরিকল্পিত পরিবার
iii. অপরিকল্পিত জনসংখ্যা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii (গ) iii ● i ও iii

**নিচের চিত্রটি লৰ করে ১৩১ ও ১৩২ নং প্রশ্নের উত্তর দাও :**



**১৩১. মানচিত্রে কোন বনাঞ্চল দেখা যায়?** (প্রয়োগ)
● বাংলাদেশের সুন্দরবন (খ) আফ্রিকার বনাঞ্চল
(গ) পার্বত্য চট্টগ্রামের বনাঞ্চল (ঘ) ভাওয়াল ও মধুপুর গড়ের বনাঞ্চল

**১৩২. উক্ত বনের বৈশিষ্ট্য হলো–** (উচ্চতর দৰতা)
i. পৃথিবীর বৃহত্তম ii. বাংলাদেশের উত্তরে
iii. পাতাঝরা বৃৰ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i (খ) ii ● i ও ii (ঘ) i, ii ও iii

## ➲ পাঠ-৭ ও ৮ : পৃথিবীর মহাসাগরগুলোর অবস্থান ও গুরুত্ব ➡
বোর্ড বই, পৃষ্ঠা-২৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩৩. পৃথিবীর আয়তনের কত ভাগ জলরাশি?** (অনুধাবন)
(ক) ২৯ (খ) ৩১ (গ) ৬৯ ● ৭১

**১৩৪. বঙ্গোপসাগরের দক্ষিণে ইন্দোনেশিয়ার কোন দ্বীপটি অবস্থিত?** (জ্ঞান)
(ক) জাভা দ্বীপ (খ) মালাক্কা দ্বীপ ● সুমাত্রা দ্বীপ (ঘ) মিন্দানা দ্বীপ

**১৩৫. প্রশান্ত মহাসাগরের নাম কে রাখেন?** (জ্ঞান)
(ক) জর্জ এভারেস্ট (খ) কলম্বাস
● ফার্দিনান্দ ম্যাজিলন (ঘ) ভাস্কো–ডা–গামা

**১৩৬. প্যাসিফিক শব্দের অর্থ কী?** (জ্ঞান)
(ক) অশান্ত ● শান্ত (গ) বৈরী (ঘ) সরল

**১৩৭. পৃথিবীর অর্ধেক পানির আধার কোন মহাসাগরকে বলা হয়?** (জ্ঞান)
(ক) আটলান্টিক মহাসাগর (খ) দৰিণ মহাসাগর
● প্রশান্ত মহাসাগর (ঘ) উত্তর মহাসাগর

**১৩৮. প্রশান্ত মহাসাগরে দ্বীপের সংখ্যা কত?** (জ্ঞান)
(ক) ২৫ শ ● ২৫ হাজার (গ) ২৫ লক্ষ (ঘ) ২৫ কোটি

**১৩৯. পৃথিবীতে কতটি মহাসাগর আছে?** [চট্টগ্রাম কলোজিয়েট স্কুল ও কলেজ]
● ৫ (খ) ৬ (গ) ৭ (ঘ) ৮

**১৪০. আটলান্টিক মহাসাগর পৃথিবীর কত শতাংশ জায়গা দখল করে আছে?**
[নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● ২০ শতাংশ (খ) ৩০ শতাংশ (গ) ৪০ শতাংশ (ঘ) ৫০ শতাংশ

**১৪১. রূপকথার হারানো রাজ্য কোনটি?** (জ্ঞান)
(ক) অ্যাটলাস ● আটলান্টিস (গ) আটলান্টিক (ঘ) আটলান্টা

**১৪২. বঙ্গোপসাগর ভারত মহাসাগরের কোন দিকের প্রশস্ত অংশ?** (জ্ঞান)
● উত্তর (খ) পূর্ব (গ) দক্ষিণ (ঘ) পশ্চিম

**১৪৩. ইয়াংগুন ও আকিয়াব কোন দেশের সমুদ্র বন্দর?** (জ্ঞান)
ক ইন্দোনেশিয়া খ মালয়েশিয়া গ ভারত ● মিয়ানমার

**১৪৪. বঙ্গোপসাগরের আয়তন কত বর্গকিলোমিটার?** (জ্ঞান)
ক ২০ লক্ষ ● ২২ লক্ষ গ ২৩ লক্ষ ঘ ২৪ লক্ষ

**১৪৫. বঙ্গোপসাগরের গড় গভীরতা কত?** (জ্ঞান)
ক ৩ কিলোমিটার ● ৫ কিলোমিটার
গ ৬ কিলোমিটার ঘ ৭ কিলোমিটার

**১৪৬. বঙ্গোপসাগর থেকে সৃষ্ট বায়ু কোনটি?** (জ্ঞান)
● মৌসুমি বায়ু খ অয়ন বায়ু গ নিয়ত বায়ু ঘ প্রত্যয়ন বায়ু

**১৪৭. বঙ্গোপসাগরে কত প্রজাতির মাছ আছে?**
[বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]
ক তিনশ খ চারশ ● পাঁচশ ঘ ছয়শ

**১৪৮. 'কালিকট বন্দর' কোন দেশে অবস্থিত?** (জ্ঞান)
ক বাংলাদেশ ● ভারত গ আমেরিকা ঘ মিয়ানমার

**১৪৯. বাংলাদেশে গভীর সমুদ্রবন্দর নির্মাণের পরিকল্পনা নেয়া হয়েছে কোথায়?** (জ্ঞান)
ক সেন্টমার্টিন দ্বীপে খ হাতিয়া দ্বীপে
● মহেশখালী দ্বীপে ঘ ভোলা দ্বীপে

**১৫০. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ কোনটি?**
[নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● সেন্টমার্টিন খ মহেশখালী গ কুতুবদিয়া ঘ মনপুরা

**১৫১. বাংলাদেশের প্রধান সমুদ্র বন্দর চট্টগ্রাম কোন নদীর মোহনায় অবস্থিত?** (জ্ঞান)
ক মহানন্দা খ মেঘনা গ মাতামুহুরী ● কর্ণফুলি

**১৫২. বাংলাদেশের তৃতীয় সমুদ্র বন্দর নির্মাণাধীন রয়েছে কোথায়?** (জ্ঞান)
ক হাতিয়ায় ● পটুয়াখালী গ মহেশখালী ঘ মনপুরা

**১৫৩. বঙ্গোপসাগরে কত রকমের চিংড়ি পাওয়া যায়?** (জ্ঞান)
ক বার খ এগারো ● দশ ঘ নয়

**১৫৪. বাংলাদেশে ঝিনুকশিল্প কোথায় গড়ে উঠেছে?** (জ্ঞান)
ক মহেশখালিতে খ চট্টগ্রামে
গ কুতবদিয়ায় ● কক্সবাজারে

**১৫৫. কোন মহাসাগর পাড়ি দিয়ে কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন?** (জ্ঞান)
ক প্রশান্ত মহাসাগর ● আটলান্টিক মহাসাগর
গ ভারত মহাসাগর ঘ অ্যার্কটিক মহাসাগর

**১৫৬. গুরুত্বের দিক থেকে আটলান্টিকের প্রথম হওয়ার কারণ কী?** (অনুধাবন)
● ভৌগোলিক অবস্থান খ গভীরতা
গ আয়তন ঘ প্রাকৃতিক সম্পদ

**১৫৭. পর্তুগিজ নাবিক ফার্দিনান্দ ম্যাজিলন প্রশান্ত মহাসাগরের নাম প্যাসিফিক রাখেন কেন?** (অনুধাবন)
ক আবহাওয়ার শান্তরূ প দেখে খ ঢেউ তৈরি হয় না বলে
● জলরাশির শান্তরূ প দেখে ঘ তলদেশের ভূপ্রকৃতি অসমান বলে

**১৫৮. উন্মুক্ত, বিরাট ও সুগভীর জলরাশিকে কী বলা হয়?** (অনুধাবন)
● মহাসাগর খ সাগর গ পানি ঘ জলাধার

**১৫৯. পৃথিবীর সবচেয়ে বড় মহাসাগর কোনটি?** (জ্ঞান)
ক আটলান্টিক মহাসাগর খ ভারত মহাসাগর
● প্রশান্ত মহাসাগর ঘ উত্তর মহাসাগর

**১৬০. গভীরতার দিক থেকে আটলান্টিক মহাসাগরের অবস্থান কততম?** (জ্ঞান)
ক প্রথম খ দ্বিতীয় ● তৃতীয় ঘ চতুর্থ

**১৬১. বাংলাদেশ ও মিয়ানমারকে বিভক্তকারী নদী কোনটি?** (অনুধাবন)
ক কৃষ্ণ খ গোদাবরী গ কাবেরী ● নাফ

**১৬২. বঙ্গোপসাগরে পতিত ভারতের নদী কোনটি?** (জ্ঞান)
ক ইরাবতী ● গোদাবরী গ ব্রহ্মপুত্র ঘ কর্ণফুলি

**১৬৩. বাংলাদেশের প্রধান পর্যটনকেন্দ্র গড়ে উঠেছে কোথায়?** (জ্ঞান)
ক চট্টগ্রামে খ কুয়াকাটায় ● কক্সবাজারে ঘ মহেশখালীতে

**১৬৪. কোনটি আবিষ্কারে পৃথিবীর পশ্চিম দিকের সঙ্গে পূর্বদিকের যোগাযোগ অনেক সহজ হয়ে ওঠে?** (জ্ঞান)
● উত্তমাশা অন্তরীপ খ ভারতে আসা জলপথ
গ অ্যান্টার্কটিকা মহাদেশ ঘ নিউজিল্যান্ড দ্বীপপুঞ্জ

**১৬৫. পৃথিবীর সবচেয়ে বড় মহাসাগর প্রশান্ত মহাসাগর। পৃথিবীর মোট আয়তনের কত ভাগ স্থান এ জলরাশি দখল করেছে?** (প্রয়োগ)
● তিনভাগের একভাগ খ চার ভাগের তিন ভাগ
গ তিন ভাগের দুই ভাগ ঘ চার ভাগের এক ভাগ

**১৬৬. ভারত মহাসাগর গভীরতার দিক দিয়ে কোন অবস্থানে রয়েছে?** (জ্ঞান)
ক প্রথম অবস্থানে ● দ্বিতীয় অবস্থানে
গ তৃতীয় অবস্থানে ঘ চতুর্থ অবস্থানে

**১৬৭. ভারত মহাসাগরের দৰিণে কোন মহাদেশ ?** (জ্ঞান)
ক এশিয়া খ আফ্রিকা গ অস্ট্রেলিয়া ● এন্টার্কটিকা

**১৬৮. ভাস্কো-ডা-গামা কোন দেশের নাবিক ছিলেন?** (জ্ঞান)
ক ব্রিটিশ ● পর্তুগিজ গ ফরাসি ঘ ইটালীয়

**১৬৯. পৃথিবীব্যাপী যোগাযোগ ও ব্যবসা-বাণিজ্য গড়ে তোলার ৰেত্রে অত্যন্ত গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে কোনটি?** (উচ্চতর দৰতা)
ক সড়ক পথ খ রেলপথ ● সাগর ও মহাসাগর ঘ মূলধন

**১৭০. কত শতকে আরব বণিকেরা চট্টগ্রাম বন্দরে আসেন?** (জ্ঞান)
ক সপ্তম ● অষ্টম গ নবম ঘ দশম

**১৭১. বঙ্গোপসাগর থেকে সৃষ্ট মৌসুমি বায়ুর প্রভাবে আমাদের দেশে কী হয়?** (উচ্চতর দৰতা)
ক ভূমিকম্প হয় খ বন্যা হয়
গ নদীর পাড় ভেঙে যায় ● বৃষ্টিপাত হয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৭২. আটলান্টিক মহাসাগর বিভক্ত হয়–** [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ]
i. উত্তর আটলান্টিক মহাসাগর নামে
ii. দৰিণ আটলান্টিক মহাসাগর নামে
iii. পশ্চিম আটলান্টিক মহাসাগর নামে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৭৩. যে সাগরগুলো প্রশান্ত মহাসাগরে মিশেছে সেগুলো হলো–** (অনুধাবন)
i. জাপান সাগর ii. পীত সাগর ও চীন সাগর
iii. বঙ্গোপসাগর
**নিচের কোনটি সঠিক?**
ক i ● i ও ii গ i ও iii ঘ i, ii ও iii

**১৭৪. ভারত মহাসাগরের সীমানায় আছে–** (অনুধাবন)
i. উত্তরে এশিয়া ii. পশ্চিমে আফ্রিকা
iii. দক্ষিণে অ্যান্টার্কটিকা মহাদেশ
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও iii ● i, ii ও iii

**১৭৫. বঙ্গোপসাগরের তীরে অবস্থিত বন্দর–** (অনুধাবন)
i. কলম্বো ii. সুমাত্রা iii. মুম্বাই
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii ● i ও iii ঘ i, ii ও iii

**১৭৬. বঙ্গোপসাগরে এসে মিশেছে–** [মোহাম্মদপুর প্রিপারেটরি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]
i. ব্রহ্মপুত্র ii. মেঘনা iii. মহানন্দা
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ● i, ii ও iii

**১৭৭. বঙ্গোপসাগরের সীমানায় অবস্থিত–** (অনুধাবন)
i. উত্তরে ভারত ii. দৰিণে ভারত মহাসাগর
iii. পূর্বে মিয়ানমার
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ i ও ii ● i, ii ও iii

**১৭৮. আটলান্টিক মহাসাগরের সীমানায় অবস্থিত–** (অনুধাবন)
i. পূর্বে ইউরোপ, এশিয়া ও আফ্রিকা
ii. পশ্চিমে উত্তর ও দক্ষিণ আমেরিকা
iii. উত্তর ও দক্ষিণে অ্যার্কটিক ও অ্যান্টার্কটিক সাগর
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii গ i ও iii ● i, ii ও iii

**১৭৯. 'প্যাসিফিক' শব্দটির অর্থের সাথে সাদৃশ্যপূর্ণ–** (প্রয়োগ)
i. শান্ত ii. অশান্ত
iii. প্রশান্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii গ iii ● i ও iii

**১৮০. প্রশান্ত মহাসাগরের নামকরণ করেন–** (অনুধাবন)
i. একজন পর্তুগিজ নাবিক ii. ভাস্কো-দা-গামা
iii. ফার্দিনান্দ ম্যাজিলন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓦ ii ⓖ iii ● i ও iii

**১৮১. বঙ্গোপসাগর আমাদের জন্য গুরবত্বপূর্ণ কারণ—** (উচ্চতর দৰতা)

i. একটি ব্যবসা-বাণিজ্যের প্রধান সংযোগপথ
ii. এখানে রয়েছে প্রচুর মৎস্য সম্পদ
iii. এর তলদেশে রয়েছে বিপুল গ্যাস সম্পদ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓦ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের চিত্রটি লৰ করে ১৮২ ও ১৮৩ নং প্রশ্নের উত্তর দাও :**




**১৮২. অনুচ্ছেদের 'A' চিহ্নিত স্থানটি কীসের ইঙ্গিত করে?** (প্রয়োগ)

ⓚ মেঘনা নদী ● বঙ্গোপসাগর
ⓖ নাফ নদী ⓘ পদ্মা নদী

**১৮৩. বাংলাদেশের জন্য স্থানটি—** (অনুধাবন)

i. অর্থনৈতিকভাবে গুরবত্বপূর্ণ
ii. জলবায়ুর নিয়ন্ত্রক
iii. আন্তর্জাতিক বাণিজ্যপথ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ⓦ i ও ii ⓖ i ও iii ● i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১** এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান

তানিয়া ও জিনাত ক্লাসে পৃথিবীর বিভিন্ন দিক নিয়ে আলোচনা করছিল। তানিয়া বলল, পৃথিবীর আয়তনের মাত্র ২৯ ভাগ হচ্ছে স্থলভাগ। জিনাত বলল, স্থলভাগটি কয়েকটি অংশে বিভক্ত। এর সবচেয়ে বড় অংশে আমাদের দেশের অবস্থান।

[মাগুরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ক. পৃথিবীর মহাদেশ কয়টি? ১
খ. জেরবজালেম কেন বিখ্যাত? ২
গ. জিনাত স্থলভাগের বড় অংশ বলতে কোনটিকে বুঝিয়েছেন? পাঠ্যপুস্তকের আলোকে এর পরিচয় দাও। ৩
ঘ. তানিয়া ও জিনাত যে বিষয় সম্বন্ধে আলোচনা করছিল তার ভৌগোলিক পরিচয় তুলে ধর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** পৃথিবীর মহাদেশ সাতটি।

**খ** জেরবজালেম ইসরাইলের একটি শহর। পৃথিবীর তিনটি প্রধান ধর্মাবলম্বী জনগোষ্ঠী মুসলমান, খ্রিষ্টান ও ইহুদিদের পবিত্র ধর্মস্থান এ শহরে অবস্থিত। তাই জেরবজালেম বিখ্যাত।

**গ** জিনাত স্থলভাগের বড় অংশ বলতে এশিয়া মহাদেশকে বুঝিয়েছেন। এশিয়া পৃথিবীর বৃহত্তম মহাদেশ। শুধু আয়তনে নয় জনসংখ্যার দিকে দিয়েও এটি পৃথিবীর সবচেয়ে বড় মহাদেশ। এখানেই গড়ে উঠেছিল পৃথিবীর অধিকাংশ প্রাচীন সভ্যতা। মেসোপটেমিয়া, পারস্য, হিব্রব এবং সিন্ধু সভ্যতা এখানেই গড়ে উঠেছিল। সভ্যতার উজ্জ্বল নিদর্শন চীনের মহাপ্রাচীর ও ব্যাবিলনের শূন্য উদ্যান এ মহাদেশেই অবস্থিত।

**ঘ** উদ্দীপকে দেখা যায়, পৃথিবীর আয়তনের মাত্র ২৯ ভাগ হচ্ছে স্থলভাগ এবং স্থলভাগটি কয়েকটি অংশে বিভক্ত। এর সবচেয়ে বড় অংশে আমাদের দেশের অবস্থান। অর্থাৎ তানিয়া ও জিনাত পৃথিবীর স্থলভাগ তথা মহাদেশের ভৌগোলিক বিষয় সম্বন্ধে আলোচনা করছিল। পৃথিবীতে মোট সাতটি মহাদেশ আছে। এগুলো হলো : এশিয়া, আফ্রিকা, ইউরোপ, উত্তর আমেরিকা, দৰিণ আমেরিকা, অস্ট্রেলিয়া ও অ্যান্টার্কটিকা। পৃথিবীর আয়তনের মাত্র ২৯ ভাগ হচ্ছে স্থলভাগ। বাকি অংশ জলরাশি। এ জলরাশির মধ্যেও রয়েছে অনেক দ্বীপ বা দ্বীপপুঞ্জ। এগুলো মহাদেশের মূল ভূখন্ড থেকে বিচ্ছিন্ন হলেও কোনো না কোনো মহাদেশেরই অংশ। মহাদেশগুলোর সবকটাই সমতল ভূমি নয়। পাহাড়, পর্বত, মালভূমি, বনভূমি, নদনদীসহ অনেক প্রাকৃতিক বৈচিত্র্য সেখানে রয়েছে। দ্বীপ বা দ্বীপপুঞ্জের প্রাকৃতিক দৃশ্য খুবই মনোমুগ্ধকর। কোনো কোনো দেশ আছে যা দ্বীপ বা দ্বীপের সমষ্টি।

**প্রশ্ন- ২** এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান

A মহাদেশ পৃথিবীর মোট স্থলভাগের এক-তৃতীয়াংশ স্থান দখল করে আছে। এ মহাদেশের ভূপ্রকৃতি, জলবায়ু, অর্থনীতি, মানুষের জীবনযাপন পদ্ধতি প্রভৃতি বিষয়ে নানারকম বৈচিত্র্য লৰ করা যায়।


ক. এশিয়া মহাদেশের আয়তন কত? ১
খ. এশিয়া মহাদেশের অবস্থান ও সীমানা উলেরখ কর। ২
গ. পৃথিবীর একটি মানচিত্র এঁকে A মহাদেশটি চিহ্নিত কর। ৩
ঘ. উক্ত মহাদেশের ভূপ্রকৃতি বৈচিত্র্যপূর্ণ-মন্তব্যটির পৰে যুক্তি দাও। ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** এশিয়া মহাদেশের আয়তন ৪ কোটি ৪৬ লৰ ১৪ হাজার বর্গকিলোমিটার।

**খ** ইউরোপ ও আফ্রিকা মহাদেশের পূর্ব দিকে এশিয়া মহাদেশ অবস্থিত। এশিয়া মহাদেশের পূর্বে প্রশান্ত মহাসাগর, পশ্চিমে ইউরোপ মহাদেশ ও ভূমধ্যসাগর, দৰিণ-পূর্বে আফ্রিকা ও লোহিত সাগর, উত্তরে উত্তর মহাসাগর এবং দৰিণে ভারত মহাসাগর অবস্থিত।

**গ** উদ্দীপকে ইঙ্গিতকৃত A মহাদেশটি হচ্ছে এশিয়া মহাদেশ। নিচে পৃথিবীর একটি মানচিত্র এঁকে এশিয়া মহাদেশকে চিহ্নিত করা হলো :




**ঘ** এশিয়া মহাদেশের ভূপ্রকৃতি বৈচিত্র্যপূর্ণ। এশিয়ায় পৃথিবীর সর্বোচ্চ পর্বতশ্রেণি হিমালয় এবং উচ্চতম পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট (৮৮৫০ মিটার) অবস্থান করছে। আবার পৃথিবীর নিম্নতম স্থলভাগ মরবসাগর (সমুদ্র সমতল থেকে প্রায় ৮২০ মিটার নিচে) এ মহাদেশেরই অন্তর্গত। এছাড়া একদিকে যেমন পৃথিবীর উচ্চতম মালভূমি পামির এবং অন্যদিকে পৃথিবীর বৃহত্তম উচ্চ মালভূমি তিব্বত এ মহাদেশেই অবস্থিত। এ মহাদেশে যেমন আছে পাহাড়, পর্বত, মরবভূমি তেমনি আছে নদী দ্বারা গঠিত উর্বর সমভূমি। এসব নানা ভূমিরূ পের অবস্থানের কারণে এশিয়া মহাদেশে বৈচিত্র্যপূর্ণ ভূপ্রকৃতি দেখা যায়।

**প্রশ্ন– ৩ ▸▸** দরিণ এশিয়ায় বাংলাদেশ

মহাদেশ —— দেশ

↓ ↓

বৃহৎ ভূখণ্ড ক্ষুদ্র ভূখণ্ড

↓ ↓

এশিয়া বাংলাদেশ

ক. মহাদেশ কাকে বলে? ১
খ. পশ্চিম ও মধ্য এশিয়ার ওপর সারাবিশ্ব নির্ভরশীল কেন? ২
গ. ছকের বৈসাদৃশ্যপূর্ণ ভূখণ্ড দুইটির ভূপ্রকৃতিগত কোনো সাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনসংখ্যার পরিপ্রেক্ষিতে বৈসাদৃশ্যপূর্ণ ভূখণ্ড দুইটির চিত্র অভিন্ন– এ মন্তব্যের যথার্থতা নিরূ পণ কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** পৃথিবীর স্থলভাগের এক একটি বড় অংশকে বলা হয় মহাদেশ।

**খ** জ্বালানি তেল ছাড়া শিল্পকারখানা ও যানবাহনসহ বলতে গেলে সারা পৃথিবীই অচল। পৃথিবীর বেশিরভাগ জ্বালানি তেল পশ্চিম ও মধ্য এশিয়ার দেশ সৌদি আরব, ইরান, ইরাক, আরব আমিরাত থেকে উত্তোলন করা হয়। এজন্য পশ্চিম ও মধ্য এশিয়ার দেশগুলোর ওপর সারাবিশ্ব নির্ভরশীল।

**গ** ছকে বৃহৎ ভূখণ্ড এশিয়া মহাদেশ ও তার ক্ষুদ্র এক অংশ বাংলাদেশের উলেরখ রয়েছে। ভূখণ্ডগত আয়তনে এশিয়া ও বাংলাদেশের তুলনা করা না গেলেও বাংলাদেশের ভূপ্রাকৃতিক বৈশিষ্ট্য নানা দিক থেকে এশিয়ার সঙ্গে সাদৃশ্যপূর্ণ। এশিয়া মহাদেশের ভূপ্রকৃতি খুবই বৈচিত্র্যপূর্ণ। এর উত্তরে যেমন আছে বরফে আচ্ছাদিত এলাকা সাইবেরিয়া, তেমনি পশ্চিমে আছে উত্তপ্ত মরবভূমি, আছে হিমালয় পর্বতমালা। তবে এ মহাদেশের প্রায় এক–তৃতীয়াংশ অঞ্চল সমতল। পৃথিবীর সাতটি বৃহত্তম নদীই এশিয়া মহাদেশে অবস্থিত। তদ্রূ প বাংলাদেশ ছোট ভূখণ্ড হলেও এশিয়ার মতোই এর মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে পদ্মা, যমুনা, মেঘনা প্রভৃতি অসংখ্য ছোটবড় নদী। হিমালয়ের মতো এরও আছে সর্বোচ্চ চূড়া তাজিনডং, যার উচ্চতা ১২৩১ মিটার। এখানেও রয়েছে বৃহত্তম ম্যানগ্রোভ বন সুন্দরবন ও দীর্ঘতম সমুদ্র সৈকত কক্সবাজার। সুতরাং বাংলাদেশের ভূপ্রাকৃতিক বৈশিষ্ট্য নানাভাবে এশিয়ার সঙ্গে সাদৃশ্যপূর্ণ।

**ঘ** জনসংখ্যার পরিপ্রেক্ষিতে ছকের বৈসাদৃশ্যপূর্ণ ভূখণ্ড তথা বাংলাদেশ ও এশিয়ার চিত্র অভিন্ন–এ মন্তব্যটি যথার্থ। আমরা জানি, বিশ্বের মোট জনসংখ্যার ষাটভাগ মানুষ বাস করে এশিয়ায়। এর জনসংখ্যা ৪৪২ কোটি ৭০ লক্ষ, অথচ সে তুলনায় আয়তন মাত্র ৪ কোটি ৪৬ লক্ষ ১৪ হাজার বর্গকিলোমিটার। জনসংখ্যার ঘনত্ব গড়ে ১২৬ জন। বিশ্বের প্রায় চার ভাগের তিন ভাগ লোকের বসবাস এখানে। অন্যদিকে বাংলাদেশের আয়তন ১,৪৭,৫৭০ বর্গকিলোমিটার অথচ জনসংখ্যা ১৪ কোটি ৯৭ লক্ষ ৭২ হাজার ৩৬৪ জন। জনসংখ্যার ভিত্তিতে এটি পৃথিবীর অষ্টম বৃহত্তম রাষ্ট্র। এশিয়া ও বাংলাদেশ দুটি জায়গার জনসংখ্যা বিশ্লেষণ করলে আমরা পাই, আয়তনের তুলনায় জনসংখ্যা খুবই বেশি। সুতরাং দক্ষিণ এশিয়ার বাংলাদেশ ও এশিয়ার চিত্র অভিন্ন–মন্তব্যটি সামগ্রিকভাবে যথার্থ।

**প্রশ্ন– ৪ ▸▸** এশিয়ার জনসংখ্যা, অর্থনীতি ও ধর্ম

বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, শ্রীলংকা ও মালদ্বীপের অবস্থান এশিয়ার দরিণ অংশে। এই দরিণ এশীয় দেশগুলো নিয়ে গঠিত হয়েছে আঞ্চলিক সহযোগিতা সংস্থা 'সার্ক'।

ক. এশিয়ার দীর্ঘতম নদী কোন দেশে অবস্থিত? ১
খ. পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম 'এভারেস্ট' কেন? ২
গ. উদ্দীপকে উলিরখিত দেশগুলোর মধ্যে এশিয়ার অর্থনীতিতে কোন দেশটির অবস্থান উলেরখযোগ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. এশিয়ায় ধর্মের উদ্ভবে উক্ত দেশটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** এশিয়ার দীর্ঘতম নদী ইয়াংসিকিয়াং চীনে অবস্থিত।

**খ** পৃথিবীর সর্বোচ্চ পর্বত শৃঙ্গ হচ্ছে হিমালয় পর্বত। এর নামকরণ করা হয় জর্জ এভারেস্টের নামানুসারে। হিমালয় পর্বতশৃঙ্গের উচ্চতা মেপেছিলেন ব্রিটিশ–ভারতের জরিপ বিভাগের বাঙালি কর্মকর্তা রাধানাথ শিকদার। এ শৃঙ্গের উচ্চতা ৮৮৫০ মিটার। তখন ব্রিটিশ–ভারতের জরিপ বিভাগের প্রধান ছিলেন স্যার জর্জ এভারেস্ট। তাই তার নাম অনুসারে শৃঙ্গটির নাম রাখা হয় মাউন্ট এভারেস্ট।

**গ** উদ্দীপকে উলিরখিত দেশগুলোর মধ্যে এশিয়ার অর্থনীতিতে ভারতের অবস্থান উলেরখযোগ্য। এশিয়া মহাদেশটি কৃষিপ্রধান। এরেত্রে ভারত কৃষিরেত্রে বেশ এগিয়ে এবং প্রধান পাট উৎপাদনকারী দেশ। ভারতে প্রচুর খনিজসম্পদ রয়েছে। সাগর–মহাসাগর ও নদনদীর সুবিধা থাকায় প্রাচীনকাল থেকেই ভারতের সাথে বিশ্বের অন্যান্য অঞ্চলের ব্যবসা–বাণিজ্য গড়ে ওঠে। শিল্পরেত্রে ভারত ব্যাপক উন্নতি করেছে। তাই উলিরখিত সার্কভুক্ত দেশগুলোর মধ্যে এশিয়ার অর্থনীতিতে ভারতের উলেরখযোগ্য ভূমিকা অনস্বীকার্য।

**ঘ** পৃথিবীর প্রায় সবগুলো প্রধান ধর্মের উদ্ভব এশিয়ায়। এর মধ্যে ধর্মের উদ্ভবে ভারত উলেরখযোগ্য ভূমিকা রাখে। পৃথিবীর অধিকাংশ প্রাচীন সভ্যতা গড়ে উঠেছিল এশিয়ায়। চৈনিক, মেসোপটেমিয়া, পারস্য, হিব্রব এবং সিন্ধু সভ্যতা এশিয়ায় যে সময় গড়ে উঠেছিল সে সময় ইউরোপ ছিল অন্ধকার। আর সঙ্গত কারণেই পৃথিবীর প্রায় সবগুলো ধর্মের উদ্ভব ঘটে এশিয়ায়। এর মধ্যে প্রাচীন হিন্দু, জৈন, বৌদ্ধ ধর্মের জন্ম ভারতে। আর মধ্য এশিয়ায় উদ্ভব ঘটে ইহুদি ও খ্রিস্টান ধর্মের। এছাড়াও মধ্য এশিয়া থেকে ইসলাম ধর্ম পৃথিবীব্যাপী ছড়িয়ে পড়েছিল। সুতরাং বলা যায় যে, মধ্য এশিয়ার মতো না হলেও এশিয়ায় ধর্মের উদ্ভবে ভারত গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে।

**প্রশ্ন– ৫ ▸▸** বঙ্গোপসাগর

পদ্মা পাড়ের কিশোরী রিমি তার পিতার কাছে জানতে চায় পদ্মা নদীর পানি কোথায় গিয়ে মিশে? তার পিতা তাকে জানায় এই নদীর পানি আমাদের দেশের দৰিণে বিস্তৃত বিশাল জলরাশির সাথে মিশে। শুধু পদ্মা নদীর পানি নয় বাংলাদেশের অসংখ্য নদনদীর পানিই এসে মিলিত হয় এই বিশাল জলরাশিতে। বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপটিও এই জলরাশিতে অবস্থিত।

ক. কুয়াকাটা সমুদ্র সৈকত কোন জেলায় অবস্থিত? ১
খ. "পৃথিবীর প্রায় সবগুলো প্রধান ধর্মের উদ্ভব এশিয়া মহাদেশে"–ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিশাল জলরাশির সাথে পাঠ্যবইয়ের যে বিষয়ের মিল রয়েছে তার বর্ণনা দাও। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের বিশাল জলরাশি নানা কারণে আমাদের জন্য গুরবত্বপূর্ণ? উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** কুয়াকাটা সমুদ্র সৈকত পটুয়াখালী জেলায় অবস্থিত।

**খ** প্রাচীন হিন্দু, জৈন, বৌদ্ধ ধর্মের জন্ম এশিয়াতে। এরপর মধ্য এশিয়ায় উদ্ভব ঘটে ইহুদি ও খ্রিষ্টান ধর্মের। পৃথিবীর তিনটি প্রধান ধর্মাবলম্বী জনগোষ্ঠী মুসলমান, খ্রিষ্টান ও ইহুদিদের পবিত্র ধর্মস্থান ইসরাইলের জেরবজালেম শহরে অবস্থিত। এ কারণে পৃথিবীর প্রায় সবগুলো প্রধান ধর্মের উদ্ভব এশিয়া মহাদেশে।

**গ** উদ্দীপকে যে বিশাল জলরাশির বর্ণনা দেওয়া হয়েছে তার সাথে আমাদের পাঠ্যবইয়ে আলোচিত বঙ্গোপসাগরের মিল রয়েছে। বঙ্গোপসাগর আসলে ভারত–মহাসাগরেরই উত্তর দিকের প্রশস্ত অংশ। আমাদের ব্রহ্মপুত্র, মেঘনা, পদ্মা, কর্ণফুলিসহ অসংখ্য নদীর জলপ্রবাহ এসে মিশেছে বঙ্গোপসাগরে। উদ্দীপকে রিমির পিতা পদ্মা নদী সম্পর্কে এই বঙ্গোপসাগরে মেশার কথাই বলেছেন। এছাড়া তিনি আরও উলেরখ করেন বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ এই জলরাশিতে অবস্থিত। এই সেন্টমার্টিন দ্বীপও বঙ্গোপসাগরকে নির্দেশ করে। সুতরাং বলা যায়, উদ্দীপকে উলিরখিত জলরাশির বৈশিষ্ট্য মূলত আমাদের বঙ্গোপসাগরকে নির্দেশ করে।

**ঘ** হ্যাঁ, আমি মনে করি উদ্দীপকের বিশাল জলরাশি তথা বঙ্গোপসাগর নানা কারণে আমাদের জন্য অত্যন্ত গুরবত্বপূর্ণ। বাংলাদেশের দৰিণে অবস্থিত বঙ্গোপসাগর। রাজনৈতিক এবং অর্থনৈতিক উভয় ৰেত্রেই বঙ্গোপসাগর খুবই গুরবত্বপূর্ণ। বাংলাদেশের বেশির ভাগ নদীর পানি বঙ্গোপসাগরে পতিত হয়। বাংলাদেশের প্রধান দুটি সমুদ্রবন্দর বঙ্গোপসাগরের তীরে অবস্থিত। এছাড়া জেলেরা মৎস সম্পদ আহরণ করে যা অর্থনৈতিক ৰেত্রে অবদান রাখছে। এর জলরাশি দিয়ে লবণ তৈরি করা হয়। জলরাশির বিভিন্ন পয়েন্টে আছে পর্যটন কেন্দ্র। এছাড়াও ঝিনুক, শামুক, শঙ্খ পাওয়া যায় বঙ্গোপসাগরে। বিভিন্ন নদীর মিলনস্থলসহ এ সাগর তীরে রয়েছে অনেক পর্যটন কেন্দ্র। সুতরাং উদ্দীপকের বিশাল জলরাশি বঙ্গোপসাগর নানা কারণে আমাদের জন্য গুরবত্বপূর্ণ।

**প্রশ্ন– ৬ ▶▶** পৃথিবীর মহাসাগরগুলোর অবস্থান ও গুরবত্ব

প্রায় দুই দিন যাবত ক্যাপ্টেন আজাদ জাহাজে রয়েছেন। বিস্তীর্ণ জলরাশি বিগত সাত বছরে তার একান্ত আপন হয়ে উঠেছে। সর্বশেষ তিনি চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে জাহাজ নিয়ে বেরিয়েছেন।

ক. সাগর কাকে বলে? ১
খ. পৃথিবীর মহাদেশগুলো কীভাবে বিচ্ছিন্ন রয়েছে? ২
গ. ক্যাপ্টেন আজাদ কোন মহাসাগরে ভ্রমণ করছেন? সেটির পরিচয় তুলে ধর। ৩
ঘ. ক্যাপ্টেন আজাদের আপন করে নেওয়া জলরাশির গরবত্ব যুগে যুগে অত্যন্ত তাৎপর্যপূর্ণ– পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** মহাসাগর থেকে ছোট আয়তনের জলরাশিকে সাগর বলে।


**খ** মহাসাগরগুলোর কারণে পৃথিবীর মহাদেশগুলো বিচ্ছিন্ন রয়েছে। পৃথিবীর স্থলভাগের একেকটি বড় অংশকে মহাদেশ বলা হয়। পৃথিবীতে রয়েছে সাতটি মহাদেশ। সাতটি মহাদেশের সাথে রয়েছে আটলান্টিক মহাসাগর, প্রশান্ত মহাসাগর, ভারত মহাসাগর, উত্তর মহাসাগর ও দৰিণ মহাসাগর। এই মহাসাগরগুলো বিভিন্ন মহাদেশকে পরস্পর থেকে বিচ্ছিন্ন করেছে।

**গ** উদ্দীপকে ক্যাপ্টেন আজাদ দুই দিন পূর্বে চট্টগ্রাম বন্দর থেকে জাহাজ নিয়ে বেরিয়েছেন। চট্টগ্রাম বন্দরটি বঙ্গোপসাগর তীরবর্তী যা ভারত মহাসাগরের অন্তর্ভুক্ত। সুতরাং ক্যাপ্টেন আজাদ ভারত মহাসাগর ভ্রমণ করছেন। মহাসাগরগুলোর মধ্যে ভারত মহাসাগর আয়তনের দিক থেকে তৃতীয় এবং গভীরতার দিক থেকে দ্বিতীয় স্থানে রয়েছে। বিশ্বের প্রায় ২০ শতাংশ জলরাশি এ মহাসাগর ধারণ করে আছে। এ মহাসাগরের উত্তরে এশিয়া, পশ্চিমে আফ্রিকা, পূর্বে অস্ট্রেলিয়া ও দৰিণে এন্টার্কটিকা মহাদেশ অবস্থিত। এ মহাসাগরের উত্তরে রয়েছে আরব সাগর ও বঙ্গোপসাগর।

**ঘ** ক্যাপ্টেন আজাদ সমুদ্রগামী জাহাজের ক্যাপ্টেন। তিনি সাগর, মহাসাগরের বিস্তীর্ণ জলরাশিকে আপন করে নিয়েছেন। যুগে যুগে মানব সভ্যতায় সাগর–মহাসগরের গুরবত্ব অত্যন্ত তাৎপর্যপূর্ণ। পৃথিবীব্যাপী যোগাযোগ ও ব্যবসা–বাণিজ্য গড়ে তোলার ৰেত্রে সাগর ও মহাসাগরগুলো অত্যন্ত গুরবত্বপূর্ণ ভূমিকা পালন করে। পর্তুগিজ নাবিক ভাস্কো–ডা–গামা ভারত আবিষ্কার অভিযানে বেরিয়ে আফ্রিকার উত্তমাশা অন্তরীপে এসে পৌছান। এতে পশ্চিমের সঙ্গে পূর্বের যোগাযোগের পথ খুলে যায়। পরে ভারত মহাসাগর পাড়ি দিয়ে দৰিণ ভারতের কালিকট বন্দরে আসেন এ নাবিক। স্পেনের নাবিক কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন আটলান্টিক মহাসাগর পাড়ি দিয়ে। অষ্টম শতকে আরবের বণিকেরা আরব সাগর ও ভারত মহাসাগর পাড়ি দিয়ে আমাদের চট্টগ্রাম বন্দরে আসেন। সভ্যতা ও সংস্কৃতির বিকাশ ও জ্ঞানচর্চার প্রসারও ঘটে এভাবে। সাগর ও মহাসাগরগুলোর দ্বীপপুঞ্জকে কেন্দ্র করে সারা পৃথিবীতে অনেকগুলো মনোরম পর্যটনকেন্দ্র গড়ে উঠেছে। এভাবে যুগে যুগে সাগর–মহাসাগরগুলো তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৭ ▶▶** এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান




ক. প্রশান্ত মহাসাগরের নাম কে রাখেন? ১
খ. জাপানে সবার আগে সূর্যোদয় ঘটে কেন? ২
গ. চিত্রটি দেখে 'ক' দেশের মহাদেশটির অবস্থান ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্রে 'ক' চিহ্নিত দেশটির অবস্থান আলোচনা কর। ৪

**৭ নং প্রশ্নের উত্তর**

**ক** পর্তুগিজ নাবিক ফার্দিনান্দ মুজালিন।

**খ** এশিয়া বা পৃথিবীর মানচিত্রের একেবারে পুর্বপ্রান্তের দেশটির নাম জাপান। পূর্বপ্রান্তে অবস্থিত হওয়ায় পৃথিবীর অন্যান্য দেশ অপেক্ষা জাপানে সবার আগে সূর্যোদয় হয়। এ কারণে জাপানকে সূর্যোদয়ের দেশ বলা হয়।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান ব্যাখ্যা কর।

**ঘ** দৰিণ এশিয়ায় বাংলাদেশের অবস্থান বিশেরষণ কর।

**প্রশ্ন– ৮ ▶▶** এশিয়া মহাদেশের জনসংখ্যা ও অর্থনীতি

রিমা একটি মহাদেশের কয়েকটি তথ্য তুলে ধরেন। তার দেওয়া তথ্য মতে পৃথিবীর প্রধান ধান উৎপাদনকারী দেশ এ মহাদেশে অবস্থিত। পাট উৎপাদনের প্রধান দেশগুলোও এ মহাদেশে অবস্থিত। এ মহাদেশের জ্বালানির ওপর সারাবিশ্ব নির্ভরশীল। পৃথিবীর তৃতীয় শিল্পোন্নত দেশ এ মহাদেশে অবস্থিত।

ক. এশিয়া মহাদেশের মধ্যে কোন দেশের জনসংখ্যা সবচেয়ে বেশি? ১

খ. এশিয়া মহাদেশের সাথে বিশ্বের অন্যান্য অঞ্চলের ব্যবসা–বাণিজ্য গড়ে ওঠে কীভাবে? বুঝিয়ে লেখ। ২

গ. রিমার দেওয়া তথ্যগুলো কোন মহাদেশের ৰেত্রে প্রযোজ্য? দেখাও। ৩

ঘ. ‘এ মহাদেশের জ্বালানির ওপর সারাবিশ্ব নির্ভরশীল’ উক্তিটির যথার্থতা বিশেরষণ কর। ৪

**৮ নং প্রশ্নের উত্তর**

**ক** এশিয়া মহাদেশের মধ্যে চীনের জনসংখ্যা সবচেয়ে বেশি।

**খ** এশিয়া মহাদেশে রয়েছে প্রচুর প্রাকৃতিক সম্পদ। এর ভূগর্ভে রয়েছে তেল, গ্যাস, ম্যাঙ্গানিজ, আকরিক লোহা ও কয়লা। সারাবিশ্ব এ অঞ্চলের তেলের ওপর নির্ভরশীল। সাগর মহাসাগর ও নদনদীর সুবিধা থাকায় প্রাচীনকাল থেকেই এ মহাদেশের দেশগুলোর নিজেদের মধ্যে ও বিশ্বের অন্যান্য অঞ্চলের সঙ্গে ব্যবসা–বাণিজ্য গড়ে ওঠে।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** এশিয়া মহাদেশের জনসংখ্যা ও অর্থনীতির ব্যাখ্যা দাও।

**ঘ** “বিশ্বের যাবতীয় জ্বালানির জোগানদাতা এশিয়া মহাদেশ–” মতামত দাও।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ পৃথিবীতে কয়টি মহাদেশ আছে?**
**উত্তর :** পৃথিবীতে সাতটি মহাদেশ আছে।

**প্রশ্ন ॥ ২ ॥ মহাদেশ কাকে বলে?**
**উত্তর :** পৃথিবীর স্থলভাগের একেকটি বড় অংশকে মহাদেশ বলা হয়।

**প্রশ্ন ॥ ৩ ॥ পৃথিবীর আয়তনের কত ভাগ স্থলভাগ?**
**উত্তর :** পৃথিবীর আয়তনের ২৯ ভাগ হচ্ছে স্থলভাগ।

**প্রশ্ন ॥ ৪ ॥ সাগর কাকে বলে?**
**উত্তর :** মহাসাগর থেকে ছোট আয়তনের জলরাশিকে সাগর বলে।

**প্রশ্ন ॥ ৫ ॥ উপসাগর কাকে বলে?**
**উত্তর :** যে সাগরের তিনদিক স্থলভূমি দ্বারা বেষ্টিত তাকে উপসাগর বলে।

**প্রশ্ন ॥ ৬ ॥ সুদূর অতীতে এশিয়া মহাদেশে কী কী প্রাচীন সভ্যতা গড়ে ওঠে?**
**উত্তর :** সুদূর অতীতে এশিয়া মহাদেশে চীন, মেসোপটেমিয়া, পারস্য, হিব্রু এবং সিন্ধু সভ্যতা গড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ৭ ॥ পৃথিবীর প্রাচীন সপ্তাশ্চর্যের মধ্যে কয়টি এশিয়া মহাদেশে আছে?**
**উত্তর :** পৃথিবীর প্রাচীন সপ্তাশ্চর্যের মধ্যে দুটি এশিয়া মহাদেশে।

**প্রশ্ন ॥ ৮ ॥ প্রথম এভারেস্ট পর্বতচূড়ায় কে আরোহণ করেন?**
**উত্তর :** নেপালের তেনজিং শেরপা ও নিউজিল্যান্ডের এডমন্ড হিলারি প্রথম এভারেস্ট পর্বতচূড়ায় আরোহণ করেন।

**প্রশ্ন ॥ ৯ ॥ কে এভারেস্ট পর্বতচূড়া জয়ী প্রথম বাংলাদেশি?**
**উত্তর :** মুসা ইব্রাহীম এভারেস্ট পর্বতচূড়া জয়ী প্রথম বাংলাদেশি।

**প্রশ্ন ॥ ১০ ॥ এভারেস্ট পর্বতশৃঙ্গের উচ্চতা কত?**
**উত্তর :** পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গ এভারেস্টের উচ্চতা ৮৮৫০ মিটার।

**প্রশ্ন ॥ ১১ ॥ পৃথিবীর সব প্রাচীন ধর্মের জন্মস্থান কোথায়?**
**উত্তর :** পৃথিবীর সব প্রাচীন ধর্মের জন্মস্থান এশিয়ায়।

**প্রশ্ন ॥ ১২ ॥ পৃথিবীর তৃতীয় শিল্পসমৃদ্ধ দেশ কোনটি?**
**উত্তর :** জাপান পৃথিবীর তৃতীয় শিল্পসমৃদ্ধ দেশ।

**প্রশ্ন ॥ ১৩ ॥ এশিয়া মহাদেশের মধ্যে কোন দেশের জনসংখ্যা সবচেয়ে বেশি?**
**উত্তর :** এশিয়া মহাদেশের মধ্যে চীনের জনসংখ্যা সবচেয়ে বেশি।

**প্রশ্ন ॥ ১৪ ॥ এশিয়ার প্রধান শিল্পোন্নত দেশগুলো কী কী?**
**উত্তর :** এশিয়ার প্রধান শিল্পোন্নত দেশগুলো হলো– জাপান, দৰিণ কোরিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, চীন ও ভারত।

**প্রশ্ন ॥ ১৫ ॥ পৃথিবীর বেশিরভাগ জ্বালানি তেল কোথা থেকে উত্তোলিত হয়?**
**উত্তর :** পৃথিবীর বেশিরভাগ জ্বালানি তেল পশ্চিম ও মধ্য এশিয়ার দেশ থেকে উত্তোলিত হয়।

**প্রশ্ন ॥ ১৬ ॥ গয়া ও কাশী কী জন্য বিখ্যাত?**
**উত্তর :** হিন্দু ধর্মাবলম্বীদের পবিত্র তীর্থস্থানের জন্য গয়া ও কাশী বিখ্যাত।

**প্রশ্ন ॥ ১৭ ॥ পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বনভূমি কোথায় অবস্থিত?**
**উত্তর :** পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বনভূমি বাংলাদেশে অবস্থিত।

**প্রশ্ন ॥ ১৮ ॥ বঙ্গোপসাগরের জলরাশি কোন মহাসাগরের সঙ্গে মিশেছে?**
**উত্তর :** বঙ্গোপসাগরের জলরাশি ভারত মহাসাগরের সঙ্গে মিশেছে।

**প্রশ্ন ॥ ১৯ ॥ এশিয়া মহাদেশের পূর্বে কোন মহাসাগর অবস্থিত?**
**উত্তর :** এশিয়া মহাদেশের পূর্বে প্রশান্ত মহাসাগর অবস্থিত।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ পৃথিবীর ভৌগোলিক বৈশিষ্ট্য সংক্ষেপে বর্ণনা কর।**
**উত্তর :** পৃথিবীর ভৌগোলিক বৈশিষ্ট্য বৈচিত্র্যপূর্ণ। পৃথিবীতে আছে মোট ৭টি মহাদেশ ও ৫টি মহাসমুদ্র। এর প্রায় ৭১ ভাগই জলরাশি, মাত্র ২৯ ভাগ স্থলভাগ। জলরাশির মধ্যে রয়েছে অনেক দ্বীপ বা দ্বীপপুঞ্জ, যা মহাদেশগুলোরই অংশ। মহাদেশগুলোর সবটাই সমতল ভূমি নয়, আছে পাহাড়–পর্বত, মালভূমি, বনভূমি, নদনদীসহ অনেক প্রাকৃতিক বৈচিত্র্য। দ্বীপ ও দ্বীপপুঞ্জের মনোমুগ্ধকর প্রাকৃতিক সৌন্দর্যের কারণে এগুলোতে গড়ে উঠেছে পর্যটন কেন্দ্র।

**প্রশ্ন ॥ ২ ॥ এক একটি মহাদেশ বৈচিত্র্যে পরিপূর্ণ– ব্যাখ্যা কর।**
**উত্তর :** মহাদেশগুলোর ভূমিরূপ বৈচিত্র্যময়। কোথাও উঁচু, কোথাও নিচু, আবার কোথাও সমতল ভূমি। মালভূমি, বনভূমি, নদনদী, হ্রদ, দ্বীপ ও দ্বীপপুঞ্জসহ অনেক প্রাকৃতিক বৈচিত্র্য এক একটি মহাদেশে রয়েছে। দ্বীপ ও দ্বীপপুঞ্জের প্রাকৃতিক দৃশ্য খুবই মনোমুগ্ধকর। এগুলোতে গড়ে উঠেছে সুন্দর সুন্দর পর্যটন কেন্দ্র।

**প্রশ্ন ॥ ৩ ॥ মানবজীবনে সাগর মহাসাগরের গুরবত্ব অপরিসীম–ব্যাখ্যা কর।**
**উত্তর :** পৃথিবীব্যাপী যোগাযোগ ও ব্যবসা–বাণিজ্য গড়ে তোলার ক্ষেত্রে সাগর ও মহাসাগরগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পশ্চিমের সঙ্গে পূর্বের যোগাযোগের পথ খুলে যায়। সভ্যতা ও সংস্কৃতির বিকাশ ও জ্ঞান চর্চার প্রসার ঘটে। সাগর ও মহাসাগরগুলোর নিকটস্থ দীপপুঞ্জকে কেন্দ্র করে সারা পৃথিবীতে অনেকগুলো মনোরম পর্যটনকেন্দ্র গড়ে ওঠে। তাই, মানবজীবনে সাগর মহাসাগরের গুরুত্বপূর্ণ অপরিসীম।

**প্রশ্ন ॥ ৪ ॥ বঙ্গোপসাগরের ভৌগোলিক সীমারেখা সংক্ষেপে বর্ণনা কর।**
**উত্তর :** বঙ্গোপসাগরের উত্তরে ভারত ও বাংলাদেশ, দক্ষিণে ভারত মহাসাগর, পূর্বদিকে মিয়ানমার এবং পশ্চিমে ভারত ও শ্রীলংকা। বঙ্গোপসাগরের দক্ষিণে আরও আছে ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপ। পাঁচ কিলোমিটার গড় গভীরতার এ উপসাগরের আয়তন প্রায় বাইশ লক্ষ বর্গকিলোমিটার।

**প্রশ্ন ॥ ৫ ॥ প্রশান্ত মহাসাগরকে প্যাসিফিক বলা হয় কেন?**
**উত্তর :** প্যাসিফিক শব্দের অর্থ শান্ত। প্রশান্ত মহাসাগরের জলরাশি অনেকটা শান্তভাবে থাকায় একে প্যাসিফিক বলা হয়। পর্তুগিজ নাবিক ফার্দিনান্দ ম্যাজিলন এ মহাসাগরের নাম দেন প্যাসিফিক।